minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister Voice Control Smart Tv
ঈদ সালামি অফার
55MG5010B ৳৬৩,৩৩৩ ৳৪৯,০০০
বিস্তারিতঃ ০৯৬০৬ ৭০০৭০০ *শর্ত প্রযোজ্য

রবিবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৫ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ২৫ আষাঢ় ১৪৩০ ॥ ২০ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ০৯ জুলাই ২০২৩

## প্রধানমন্ত্রীকে নিয়ে মাশরাফির আবেগঘন স্ট্যাটাস

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রীর শেখ হাসিনার নির্দেশে ১ দিনের ব্যবধানে অবসর ভেঙে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার ঘোষণা দিয়েছেন তামিম ইকবাল। তামিমের আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার মূল কারিগর ছিলেন বাংলাদেশের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা। গত ২-এর পাতায় দেখুন



## আজ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে মানতে হবে ৫ নির্দেশনা

**নিজস্ব প্রতিবেদক :** আজ রবিবার থেকে সরকারি পাঁচ নির্দেশনা মেনে দেশের সব স্তরের শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে। গত বৃহস্পতিবার (৬ জুলাই) অধিদপ্তর থেকে ডেঙ্গু রোধে সব শিক্ষাপ্রতিষ্ঠান নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ ৫ দফা নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও ২-এর পাতায় দেখুন




## ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েতে চলবে না মোটরসাইকেল ও থ্রি-হুইলার

**নিজস্ব প্রতিবেদক :** সেপ্টেম্বরে চালু হতে যাওয়া ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েতে থ্রি-হুইলার ও মোটরসাইকেল চলাচলের অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এলিভেটেড এক্সপ্রেসওয়ের ২-এর পাতায় দেখুন



# পশ্চিমবঙ্গ ভোটে রক্তের হোলি, হত ২২

**কলকাতা থেকে বিশেষ প্রতিনিধি :** ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যে পঞ্চায়েত ভোট ঘোষণার আগে থেকে এবং ঘোষণার পরে শাসক বিরোধী সবার মুখে একত্রে শোনা গিয়েছিল ২০১৮ পুনরাবৃত্তি যেন না ঘটে । যদিও যুযুধান এই বিরোধীপক্ষগুলির উদ্দেশ্য ছিল ভিন্ন। বাস্তবে ভোটগ্রহণের দিনে দেখা গেল ১৮-এর ছবি তেইশে ফেরেনি ঠিকই বরং সন্ত্রাস মিটারে ভয়াবহতা আরও কয়েকগুণ বাড়িয়ে নয়া বেঞ্চমার্ক সেট করল চলতি বছরের পঞ্চায়েত নির্বাচন। বোমা-ছাপ্পা-গোলাগুলিতে রক্তে ভিজল পশ্চিমবাংলার মাটি। ১০ ঘণ্টায় গণতন্ত্রের রক্তপুজোয় বলি ২২টা তরতাজা প্রাণ। বাংলার বুকে নামল 'রেড স্যাটার্ডে'।

পরীক্ষায় প্রস্তুতির জন্য শেষ বেলা অবধি বই কিনব না নোটস পড়ব এই দ্বিধায় উপস্থিত পরীক্ষা লগ্ন। এমন অবস্থায় একজন পড়ুয়ার যেই অবস্থা হবে রাজ্য নির্বাচন কমিশনের এদিনের অবস্থা অনেকটা সেই পড়ুয়ার মতো। প্রস্তুতির নিয়ে অনেক পরিকল্পনা থাকলেও সিলেবাস শেষ না হওয়া পড়ুয়া পরীক্ষা সামলাতে ল্যাজে গোবরে। ৮০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চেয়েও ভোটের সকাল পর্যন্তও মেলেনি পর্যাপ্ত বাহিনী। প্রত্যেক বুথে ভোটের শেষ লগ্ন অবধিও মেলেনি কেন্দ্রীয় বাহিনী। কমিশন সূত্রে খবর, ৬০ হাজার বুথের মধ্যে মাত্র ১৫ হাজার বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন সম্ভব হয়েছিল। বুথে বুথে সন্ত্রাস, ছাপ্পা, বোমা বাজি, মৃত্যু এই নিয়েই শেষ হল স্থানীয় প্রশাসনের নির্বাচনী প্রক্রিয়া।

ভোটগ্রহণের দিন সকাল শুরু হওয়ার আগেই শুরু সন্ত্রাসের তুর্কি নাচন। শাসক থেকে বিরোধী, আক্রমণ-আক্রান্ত দুই



তালিকাতেই ক্রমশ বাড়তে থাকে ভার। সন্ত্রাসের বলি ২২ জনের মধ্যে তৃণমূলের আট, সিপিএম দুই, বিজেপির সদস্য তিনজন ও অন্যান্য ১০ জন।

নজিরবিহীনভাবে চাকুলিয়ায় বুথের মধ্যে কুপিয়ে মারা হল তৃণমূল প্রার্থীকে। রাতে ভোটকর্মীরা ভোটকেন্দ্রে পৌঁছনোর পর থেকেই শুরু সন্ত্রাস। রাতেই দিনহাটায় তৃণমূল বুথ সভাপতি গুলিবিদ্ধ হওয়ার খবর আসে। তারপর থেকে ক্রমশ দিন শুরু হতেই একের পর এক বাড়তে থাকে মৃতের সংখ্যা। নজিরবিহীন ভাবে বেশিরভাগ সমস্যা সঙ্কুলিত বুথের আশেপাশে কোনও কেন্দ্রীয় বাহিনীরই দেখা মেলেনি।

গণতন্ত্রের এই উৎসবে অন্যতম সক্রিয় ভূমিকায় এদিন দেখা যায় রাজ্যপাল সিভি আনন্দ বোসকে। মনোনয়ন পর্বের হিংসা থেকে অশান্তির জায়গায় সরেজমিন তদন্ত, মৃত-আক্রান্তদের পরিবারের সঙ্গে কথা বলে সাহায্যের ব্যবস্থা করতে এই পুরো পর্বে ক্যানিং টু কোচবিহার দৌড়ে বেরিয়েছেন রাজ্যের সাংবিধানিক প্রধান। রাজভবনের এমন সক্রিয় ভূমিকা গত কয়েকবছর ধরে বাংলা দেখে আসলেও গ্রাম বাংলার ভোটের দিন রাজ্যপালের পথে পথে ঘোরা নজিরবিহীন বটেই।

রাজভবন, কমিশন, সামরিক বাহিনী, রাজ্য পুলিশের নজরদারি সত্ত্বেও গণতন্ত্রের উৎসব পরিণত হল উৎ'শব'। ভোটগ্রহণ শুরু হওয়ার আগেও জেলায় জেলায় বুথে বুথে ব্লকে ব্লকে শুরু হয় উলঙ্গ ব্যালট কারচুপি। বুথে বুথে ছাপ্পাভোটে তৃণমূলই নয়, অভিযোগ উঠল সিপিএম-এর বিরুদ্ধে। ছাপ্পা ভোটের অভিযোগ সামাল দিতে পালটা ব্যালট বক্সে জমা পড়া জনতার ২-এর পাতায় দেখুন

## রোহিঙ্গা প্রত্যাবাসনে যুদ্ধ ছাড়া সবই করেছি: পররাষ্ট্রমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, রোহিঙ্গা প্রত্যাবাসনে যুদ্ধ ছাড়া আর সবকিছু করেছি। তবে এখনও প্রত্যাবাসন প্রক্রিয়া সফল হয়নি। গতকাল শনিবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিকাব) আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এক প্রশ্নের উত্তরে ড. মোমেন বলেন, ১১ লাখ রোহিঙ্গাকে মানবিক কারণে আশ্রয় দিয়েছি। রোহিঙ্গা প্রত্যাবাসনে সব ধরনের চেষ্টা করেছি। যুদ্ধ ছাড়া আর সবকিছুই করেছি। আমরা আলোচনার মাধ্যমে এ সংকটের সমাধান চাইছি। তবে মিয়ানমার কখনও ২-এর পাতায় দেখুন

## মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে নির্বাচনী ইস্যু নেই



**নিজস্ব প্রতিবেদক :** যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের আলোচ্যসূচিতে নির্বাচনী ইস্যু নেই বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকার, প্রধানমন্ত্রী বা সংসদের পদত্যাগ- এ তিনটি বিষয়ে তাদের সঙ্গে হওয়া বৈঠকের অ্যাজেন্ডা নেই। তারা আসছে মূলত নির্বাচন সম্পর্কিত বিষয় নিয়ে নয়। তারা আসছেন রোহিঙ্গাদের পরিস্থিতি জানতে।

গতকাল শনিবার রাজধানীর ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প পরিদর্শন শেষে তেজগাঁওয়ে অস্থায়ী সভামঞ্চে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, আমেরিকা ২-এর পাতায় দেখুন

## ঢাকায় ফেরা মানুষের নিরাপত্তা নিশ্চিতে র‍্যাবের বিশেষ টহল

**নিজস্ব প্রতিবেদক :** প্রিয়জনের সঙ্গে ঈদুল আজহার আনন্দ ভাগাভাগি করে কর্মব্যস্ত নগরী ঢাকায় ফিরছেন ঘরমুখো মানুষ। ঢাকায় এসব মানুষদের জানমালের নিরাপত্তা নিশ্চিতে বিশেষ টহল ও গোয়েন্দা নজরদারি বাড়িয়েছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। গতকাল শনিবার র‍্যাব-৩ এর স্টাফ অফিসার (মিডিয়া) সিনিয়র সহকারী পুলিশ সুপার ফারজানা হক এ তথ্য জানান। ফারজানা হক বলেন, ঈদুল আজহাকে কেন্দ্র করে রাজধানীর বিভিন্ন মার্কেট ও বিপণিবিতান, বাসস্ট্যান্ড, রেলস্টেশন, পশুর হাটসহ ঈদ জামাতগুলোতে র‍্যাব কর্তৃক কন্ট্রোলরুম, ওয়াচ টাওয়ার, নিয়মিত টহল, রোবাস্ট টহল, বোম্ব ডিসপোজাল, ২-এর পাতায় দেখুন

## গাংনীতে সম্পদ লিখে নিয়ে রাস্তায় ফেলে গেল বাক প্রতিবন্ধী মাকে!

**মেহেরপুর প্রতিনিধি:** স্থাবর অস্থাবর সম্পদ কুক্ষিগত করে অবশেষে বাক প্রতিবন্ধী জন্মদাত্রী মাকে রাস্তায় ফেলে গেছে পাষণ্ড সন্তান ও তাদের স্ত্রীরা। অসহায় বৃদ্ধের ঠাঁই মিলেছে অন্যের বাড়িতে। ঘটনাটি ঘটেছে শনিবার সকালে মেহেরপুরের গাংনীর কল্যাণপুর গ্রামের উত্তর পাড়ায়। কেউ এগিয়ে আসেনি বৃদ্ধাকে রক্ষায়। তবে প্রতিবেশিরা প্রতিবাদ না করলে বৃদ্ধার প্রতি সন্তানদের অমানবিক অত্যাচারের বিস্তর বর্ণনা দিয়েছেন। সেই সাথে একটি বাড়িতে আশ্রয় দেন। তবে পুলিশ বলছে, কেউ অভিযোগ দিলে ব্যবস্থা নেবেন। মেহেরপুরের গাংনী শহর থেকে ৮ কিলোমিটার দূরে নিভৃত পল্লীর নাম কল্যাণপুর। গ্রামের মৃত খেলাফত মণ্ডলের স্ত্রী এই বৃদ্ধা সাহেরা খাতুন। বয়স আশির উর্ধ্বে। সংসারে রয়েছে তিন ছেলে হকাজ্জেল, তুষার, আবু হানিফসহ ৫ মেয়ে। সকলেই স্বাবলম্বী। স্বামি মারা গেছেন ২০ বছর আগে। সন্তানদের বড় করে তুলতে অনেক কষ্ট করতে হয়েছে তাকে। আশা ছিল সন্তানেরা বৃদ্ধ বয়সে কামাই করে ২-এর পাতায় দেখুন



## আজ থেকে নিয়মিত বিচারকার্যে ফিরছে সুপ্রিমকোর্ট

**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আজহার সরকার ঘোষিত ছুটি, সাপ্তাহিক ছুটি ও কোর্টে অবকাশ শেষে আজ রোববার থেকে দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিমকোর্ট নিয়মিত বিচারিক কার্যক্রম শুরু হচ্ছে। সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে রোববার থেকে বিচারকার্য পরিচালনার জন্য ৫৪ টি বেঞ্চ গঠন করে দিয়েছেন প্রধান বিচারপতি। সুনির্দিষ্ট বিচারিক এখতিয়ার দিয়ে গঠিত এসব বেঞ্চের বিস্তারিত সুপ্রিমকোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এর মধ্যে ৩০টি দ্বৈত বেঞ্চ এবং ২৪টি একক বেঞ্চ রয়েছে। গত ২২ জুন থেকে শুরু হয়ে ৮ জুলাই পর্যন্ত ঈদুল আযহার সরকার ঘোষিত ছুটি, সাপ্তাহিক ছুটি ও ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জ সাংবাদিকদের সাথে পৌর মেয়রের মতবিনিময়

**বাদশা ফরহাদ,কালীগঞ্জ :** গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টায় দলিয় কার্যালয়ে সাংবাদিদের সাথে সমসাময়িক রাজনৈতিক বিষয় নিয়ে এক মতবিনিময়ে ঝিনাইদহ কালীগঞ্জের মেয়র আশরাফ জানান, এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যান্ত গুরুত্বপূর্ণ নির্বাচন। আমাদের ঝিনাইদহের ৪টি সংসদিয় আসনে রয়েছে গৌরভময় সর্ববৃহৎ দল বাংলাদেশ আওয়ামী লীগের মনোনিত এবং ভোটে নির্বাচিত ৪জন ২-এর পাতায় দেখুন

## আরও ২৩ জনের করোনা শনাক্ত

**নিজস্ব প্রতিবেদক :** গত ২৪ ঘণ্টায় দেশে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। এ পর্যন্ত দেশে করোনায় মোট মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৬২ জনের। এদিন নতুন করে শনাক্ত হয়েছে ২৩ জন। সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৩ হাজার ৮৫ জনে। গতকাল শনিবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ঢাকা সিটিসহ দেশের বিভিন্ন হাসপাতাল ও বাড়িতে উপসর্গবিহীন রোগীসহ গত ২৪ ঘণ্টায় ৭৫ জন সুস্থ হয়েছেন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ২০ লাখ নয় হাজার ৮১৯ জন। সারা দেশে সরকারি-বেসরকারি ২-এর পাতায় দেখুন

## দর্শনায় উদ্যোক্তা গড়ার লক্ষ্যে অনুষ্ঠিত সেমিনারে এমপি টগর পুত্র আকাশ




**ইয়াছিন আরাফাত, দর্শনা :** 'এসো উদ্যোক্তা গড়িচ এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে জেসিআই ঢাকা আল্ট্রালের উদ্যোগে দর্শনা অডিটরিয়ামের হলরুমে এই সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেসিআই ঢাকা আল্ট্রালের সভাপতি খন্দকার নাইমুল হাসানের সভাপতিত্বে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ২-এর পাতায় দেখুন



## নীলফামারীতে তিস্তার পানি বিপৎসীমার ওপরে

**নিজস্ব প্রতিবেদক :** নীলফামারীর ডিমলা উপজেলার ডালিয়া পয়েন্টে তিস্তা নদীর পানি বিপৎসীমার ১৩ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। গতকাল শনিবার সকাল ৬টার দিকে ওই পয়েন্টে তিস্তা পানির প্রবাহ ৫২ দশমিক ২৮ সেন্টিমিটার পরিমাপ করা হয় বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। এই মৌসুমে ডালিয়ে পয়েন্টে এটাই সর্বোচ্চ উচ্চতায় পানি প্রবাহিত হলো। পাউবোর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ২-এর পাতায় দেখুন

### ঢাকা-১৭ উপনির্বাচন

## ব্যালট পেপারসহ নির্বাচনী কাগজপত্র সংরক্ষণে ইসির ৯ নির্দেশনা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১৭ জুলাই হবে ঢাকা-১৭ আসনে উপনির্বাচনের ভোটগ্রহণ। এ উপনির্বাচনে ভোটগ্রহণ হবে ব্যালট পেপারে। জাতীয় নির্বাচনের আগে এ আসনের উপনির্বাচনে ব্যালট পেপারের ট্রায়াল হিসেবে সংসদ নির্বাচনের প্রস্তুতি সারবে নির্বাচন কমিশন (ইসি)। কারণ, আগামী জাতীয় সংসদ নির্বাচনও ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে ব্যালট পেপারসহ নির্বাচনী কাগজপত্র সংরক্ষণে ৯ দফা নির্দেশনা দিয়ে পরিপত্র জারি করেছে ইসি। গতকাল শনিবার নির্বাচন কমিশনের নির্বাচন শাখার উপসচিব মো. আতিয়ার রহমান এ তথ্য জানান। তিনি জানান, জাতীয় সংসদের ১৯০ (ঢাকা-১৭) নির্বাচনী এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষে ব্যালট পেপারসহ বিভিন্ন সিল ২-এর পাতায় দেখুন




## বিজেপির আমন্ত্রণে দিল্লি যাচ্ছেন আ.লীগের প্রতিনিধি দল

**নিজস্ব প্রতিবেদক :** ভারতের ক্ষমতাসীন দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি) বিভিন্ন দেশের রাজনৈতিক দলের সঙ্গে সম্পর্ক দৃঢ় করতে উদ্যোগ নিয়েছে। এতে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে প্রতিবেশী দেশগুলোর রাজনৈতিক দলগুলোকে। সেই লক্ষ্যে শিগগিরই ভারতে যাচ্ছে বাংলাদেশের ক্ষমতাসীন দল আওয়ামী লীগের উচ্চপর্যায়ের একটি প্রতিনিধিদল। বাংলাদেশ আওয়ামী লীগের একটি নির্ভরযোগ্য সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। সূত্রটি বলছে, চলতি মাসের শেষে অথবা আগস্টের প্রথম দিকেই আওয়ামী লীগের প্রতিনিধিরা দিল্লি যাচ্ছেন।

বাংলাদেশে আওয়ামী লীগের একাধিক নেতা জানিয়েছেন, দলের সভাপতিমণ্ডলীর সদস্য কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল ঠিক করা হয়েছে। তাঁরা বিজেপির আমন্ত্রণে দিল্লি সফরে আসছেন। তবে সময়সূচি এখনো চূড়ান্ত হয়নি। এই প্রতিনিধি দলে আরও থাকবেন দলের যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, সাংগঠনিক সম্পাদক সুজিত রায় নন্দী, কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য তারানা হালিম ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য আরমা দত্ত। সফরে প্রতিনিধিদলটি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিজেপির সভাপতি জেপি নাড্ডা, বিজেপির সাধারণ সম্পাদকসহ ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।




## পেট্রোকেমের ধান ও ঔষধ ব্যবহারে সর্বশান্ত কৃষক, ক্ষতিপূরণ দাবি

**নিজস্ব প্রতিবেদক :** বাগেরহাটে গেল বোরো মৌসুমে পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড কোম্পানির ধানের বীজ ও মাজরা পোকা দমনকারী ঔষধ "ফারটেরা" ব্যবহারে সর্বশান্ত হয়েছে কয়েক হাজার কৃষক। বীজে অঙ্কুরোধ গম কম হওয়া এবং "ফারটেরা" ব্যবহারে ২-এর পাতায় দেখুন

## গণঅধিকার পরিষদের কার্যালয়ে যাচ্ছে ইসির কমিটি

**নিজস্ব প্রতিবেদক :** গণঅধিকার পরিষদের শীর্ষ দুই নেতার বিভক্তির কারণে নির্বাচন কমিশনের নিবন্ধন পাওয়ার আগেই নতুন রাজনৈতিক দলটি এখন ভাঙনের পথে। দলটি কার্যত দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে। এক পক্ষ রেজা কিবরিয়ার পক্ষে অবস্থান নিয়েছে আর অপর পক্ষ নূরের। তবে শীর্ষ দুই নেতার বিভক্তির মধ্যেই গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় ও কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির কার্যকারিতা সরেজমিন পুনঃযাচাই করতে যাচ্ছে নির্বাচন কমিশন। আগামীকাল সোমবার বিকেলে পুরানা পল্টনে দলটির অফিসে রেজা কিবরিয়া ও নুরুল হক নুরকে তথ্য উপাত্ত নিয়ে থাকতে বলেছে ইসির 'রাজনৈতিক দলের তথ্য পুনঃযাচাই কমিটি'। ইসি সচিবালয়ের এ সংক্রান্ত চিঠি পাওয়ার কথা স্বীকার করেছে দুই পক্ষই।

উভয়পক্ষকে চিঠি দিলেও এ পুনঃযাচাইয়ের সঙ্গে গণঅধিকার পরিষদের কোন্দলের কোনো সম্পর্ক ২-এর পাতায় দেখুন

### গণঅধিকার পরিষদের পল্টনের অফিস ছাড়তে বাড়িওয়ালার নোটিস

**নিজস্ব প্রতিবেদক :** দুই পক্ষের বিবাদের মধ্যে গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় ছাড়ার নোটিস দিলেন ওই ভবনের মালিক। পল্টনের প্রীতম জামান টাওয়ারে গণঅধিকার পরিষদের কার্যালয়। তা বর্তমানে সদস্য সচিব নুরুল হক ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

রবিবার ০৯ জুলাই ২০২৩

# হাসপাতালে ডেঙ্গু রোগী ১২ হাজার ছাড়াল

**নিজস্ব প্রতিবেদ :** দেশে গত ২৪ ঘণ্টায় এই বছরের রেকর্ড সংখ্যক ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে, যাদের নিয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ১২ হাজার ছাড়িয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, ডেঙ্গু আক্রান্ত হয়ে শনিবার সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ৮২০ জন হাসপাতালে গেছেন। তার মধ্যে ৬০৩ জনই ঢাকায় এবং ২১৭ জন ঢাকার বাইরের।

এ নিয়ে চলতি বছর এপর্যন্ত ডেঙ্গুতে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়াল ১২ হাজার ১১৮ জনে।

এইডিশ মশাবাহিত এই রোগে আক্রান্ত হয়ে গত একদিনে দুজন মারা গেছে। তাদের নিয়ে ডেঙ্গুতে এ বছর মৃত্যু হল ৬৭ জনের।

স্বাস্থ্য অধিদপ্তরের হিসাবে, জুলাই মাসের প্রথম ছয় দিনেই ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪ হাজারের বেশি মানুষ। এছাড়া জুলাইয়ে এখন পর্যন্ত ডেঙ্গুতে ২০ জনের মৃত্যু হয়েছে।

শুক্রবার দেশের অনেক হাসপাতাল ডেঙ্গু আক্রান্ত রোগীর তথ্য দেয়নি। দুইদিনের তথ্য যোগ করে শনিবার নতুন আক্রান্তদের তথ্য প্রকাশ করেছে অধিদপ্তর।

এবার বর্ষা মওসুম শুরুর আগে থেকেই এইডিস মশাবাহিত এই রোগের প্রাদুর্ভাব বেড়েছে। গত রোববার দেশে ৫০৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছিল, যা এ বছরের সর্বোচ্চ।

বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন ২ হাজার ৫০২ জন রোগী। এদের মধ্যে ঢাকায় ১ হাজার ৭৭৩ জন এবং ২-এর পাতায় দেখুন

## খুমেক হাসপাতালে ভর্তি ২১ ডেঙ্গু রোগী

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ২১ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছে। গত ২৪ ঘন্টায় ভর্তি হয়েছে চারজন ডেঙ্গু রোগী। খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক কর্মকর্তা (আরএমও) ডাক্তার সুভাষ রঞ্জন হালদার এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, চলতি বছরে খুলনায় সর্বমোট ৬৬ জন রোগী ডেঙ্গু আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে। গত ২৪ ঘন্টায় ৪ জন রোগী ভর্তি হয়। বর্তমানে হাসপাতালে ২১ জন রোগী ভর্তি রয়েছে।

## মোড়েলগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে স্বামী-স্ত্রীর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** বাগেরহাটের মোরেলগঞ্জে বিদ্যুতায়িত হয়ে স্বামী-স্ত্রীর মৃত্যু হয়েছে। শনিবার (৮ জুলাই) সকালে মোরেলগঞ্জ উপজেলার বনগ্রাম ইউনিয়নের পূর্বজয়পুর গ্রামে এই মৃত্যুর ঘটনা ঘটে। এই মৃত্যুকে পল্লী বিদ্যুতের গাফেলতি হিসেবে দেখছেন স্থানীয়রা। তবে পল্লী বিদ্যুৎ সমিতি বলছে, বৃষ্টিতে সুপারি গাছ পরে তার ছিড়ে যাওয়ায় এই দূর্ঘটনা ঘটেছে। এঘটনায় তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি। নিহত দম্পতি বীরেন মন্ডল ও তার স্ত্রী রীতা রানী মন্ডল।

নিহত বীরেন মন্ডল জয়পুর গ্রামের মৃত পূন্য চন্দ্র মন্ডলের ছেলে। রীতা রানী মন্ডল বীরেন মন্ডলের স্ত্রী। তাদের দুটি ছেলে রয়েছে। এক ছেলে এসএসসি পরীক্ষার্থী এবং আরেক ছেলে বাগেরহাট রামকৃষ্ণ আশ্রমে থেকে পিসি কলেজে পড়াশুনা করেন। ঘটনার সময় ছেলেরা বাড়িতে ছিলেন না।

স্থানীয় অনিতা হালদার বলেন, বীরেন মন্ডলের ঘরের উপর থেকে পল্লী বিদ্যুতের সঞ্চালন লাইন গেছে। সকালে গাছের ডাল পরে বৈদ্যুতিক তারে আগুন ধরে যায়। এক পর্যায়ে একটি তার বীরেন মন্ডলের ঘরের সামনে পরে। ওই তার সরাতে গিয়ে বীরেন মন্ডল বিদ্যুতায়িত হয় এবং তার স্ত্রী রীতা রানী মন্ডল নিজ ঘরের মেইন সুইচ বন্ধ করতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে ঘটনাস্থলেই মারা যায়।

# ঈদ যাত্রায় দুর্ঘটনায় নিহত ৩৪০

**নিজস্ব প্রতিবেদক :** এবারের ঈদুল আজহায় দেশের সড়ক ও মহাসড়কে ২৭৭টি দুর্ঘটনা ঘটেছে। এতে নিহত হয়েছেন ২৯৯ জন এবং আহত হয়েছেন ৫৪৪ জন। এ ছাড়াও রেল ও নৌ-পথসহ মোট ৩১২টি দুর্ঘটনায় নিহত ৩৪০ জন ও আহত ৫৬৯ জন। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির পর্যবেক্ষণে এসব তথ্য উঠে এসেছে।



গতকাল শনিবার সকালে নগরীর বাংলাদেশ ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে সংগঠনের মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরী 'ঈদুল আজহায় সড়ক দুর্ঘটনা পর্যবেক্ষণ ২০২৩' প্রকাশকালে এ তথ্য তুলে ধরেন। প্রতি বছরের মতো এবারও সংগঠনটির সড়ক দুর্ঘটনা মনিটরিং সেল প্রতিবেদনটি তৈরি করে।

প্রতিবেদনে বলা হয়, এবারের ঈদে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও পরিবহন ব্যয় অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়াসহ নানা কারণে লক্ষ্যমাত্রার চেয়ে ৩০ থেকে ৩৫ শতাংশ মানুষের কম যাতায়াত হয়েছে। বর্তমান সরকারের বিগত ১৪ বছরে ধারাবাহিক উন্নয়নের ফলে দেশের সড়ক মহাসড়কের অবস্থা আগের তুলনায় অনেক ভালো ছিল। দেশে ঈদযাত্রায় মোট যাতায়াতের প্রায় ৮ শতাংশ মোটরসাইকেলে যাতায়াত হয়েছে।

২২ জুন ( ঈদযাত্রা শুরুর দিন ) থেকে ঈদ শেষে কর্মস্থলে ফেরা ৬ এপ্রিল পর্যন্ত বিগত ১৫ দিনে ২৭৭টি সড়ক দুর্ঘটনায় ২৯৯ জন নিহত এবং ৫৪৪ জন আহত হয়েছে। বিগত ২০২২ সালের ঈদুল আজহায় যাতায়াতের সঙ্গে তুলনা ২-এর পাতায় দেখুন

## গাংনী পৌর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তাপুর ইন্তেকাল



**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী পৌর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সৈয়দ ওমর আলী তাপু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তাপু গাংনী র‍্যাব ক্যাম্পপাড়ার বাসিন্দা ও সাবেক কনস্টেবল মৃত আফজাল হোসেনের ছোট ছেলে। শনিবার সকাল ৭ টার দিকে লিভার সমস্যা জনিত রোগে নিজ বাড়িতে তিনি মৃত্যুবরণ করেন তিনি। তাপু রাজনীতির পাশাপাশি একটি ওষধ কোম্পানীর

## দেশে ফিরেছেন ২৪ হাজার ১৫৮ হাজী

**নিজস্ব প্রতিবেদক :** পবিত্র হজ পালন শেষে সউদী আরব থেকে দেশে ফিরেছেন ২৪ হাজার ১৫৮ জন হাজী। ৬৪টি ফ্লাইটে তারা দেশে ফেরেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালিত ফ্লাইট সংখ্যা ২২টি, সউদীয়া এয়ারলাইন্স পরিচালিত ফ্লাইট ২৭টি এবং ফ্লাইনাসের ফ্লাইট ছিল ১৫টি।

শুক্রবার (৭ জুলাই) রাতে হজযাত্রী বহনকারী এয়ারলাইন্স, সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ, হজ অফিসের বরাত দিয়ে হজ পোর্টালে ২-এর পাতায় দেখুন



## সাংবাদিক ফসিহ উদ্দীন মাহতাবকে ডুমুরিয়া প্রেসক্লাবের সংবর্ধনা

**ডুমুরিয়া প্রতিনিধি :** প্রতিদিনের বাংলাদেশ পত্রিকার বিশেষ প্রতিনিধি জাতীয় প্রেসক্লাবের স্থায়ী সদস্য ও বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরামের সভাপতি নির্বাচিত হওয়ায় ফসিহ উদ্দীন মাহতাব কে সংবর্ধনা ফুলের শুভেচ্ছা ও ক্রেস প্রদান করা হয়েছে। শনিবার সকালে ডুমুরিয়া প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন ২-এর পাতায় দেখুন

## মহেশপুরের মেধাবী শিক্ষার্থীদের হাতে প্রধানমন্ত্রীর দেওয়া ট্যাব তুলে দিলেন এমপি চঞ্চল

**মো ঃ আজাদ :** ঝিনাইদহের মহেশপুর অডিটোরিয়ামে শনিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান অফিসের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ৯ম ও ১০ ম শ্রেণীন মেধাবী শিক্ষার্থীদের স্মার্ট নাগরিক গঠনে জনশুমারী ও গৃহগণনায় ব্যবহার কৃত ট্যাব বিতরণ করা হয়েছে।



ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে দেওয়া ট্যাব ৯ম ও ১০ ম শ্রেণীন মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ,সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা, মহেশপুর সরকারী মডেল পাইলট মাধ্যমিকজ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম,মহেশপুর পৌর ল্যাব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সমাজ সেবক এটিএম খাইরুল আনাম প্রমুখ। পরে ৯ম ও ১০ ম শ্রেণীন মেধাবী শিক্ষার্থীদের হাতে ট্যাব তুলে দেন এমপি আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল।

## মাদারীপুরে বাজার থেকে ফেরার পথে কিশোরীকে তুলে নিয়ে ধর্ষণ

**নিজস্ব প্রতিবেদক :** মাদারীপুর সদর উপজেলার ছিলারচর ইউনিয়নের একটি আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী কিশোরীকে (১৪) তুলে নিয়ে হাত-পা বেঁধে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত শুক্রবার দুপুরে একই এলাকার শওকত তস্তার (৩০) নামে এক যুবক ওই কিশোরীকে তুলে নিয়ে ধর্ষণ করেন বলে ভুক্তভোগীর পরিবারের অভিযোগ। ধর্ষণে শিকার কিশোরীকে অসুস্থ অবস্থায় রাতে মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। অভিযুক্ত শওকত তস্তার মাদারীপুর সদর উপজেলার ছিলারচর এলাকার জলিল তস্তারের ছেলে। তিনি ঢাকার একটি কারখানায় কাজ করেন। হাসপাতাল, পুলিশ ও ভুক্তভোগীর পরিবার সূত্রে জানা গেছে, মাদারীপুর ২-এর পাতায় দেখুন





## ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসারদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন

**নিজস্ব প্রতিবেদক :** ইসলামী ব্যাংক ট্রেনিং অ্যান্ড রিসার্চ একাডেমি (আইবিটিআরএ) এর উদ্যোগে নতুন যোগদানকৃত ফিল্ড অফিসারদের দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার ইসলামী ব্যাংক টাওয়ারে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও মুহাম্মদ মুনিরুল মওলা। আইবিটিআরএ'র প্রিন্সিপাল (চলতি দায়িত্ব) কে. এম. মুনিরুল আলম আল-মামুনের সভাপতিত্বে বিভিন্ন সেশন পরিচালনা করেন অ্যাডিশনাল ম্যানেজিং ডাইরেক্টর জে. কিউ. এম. হাবিবুল্লাহ, এফসিএস, ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর মুহাম্মদ ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরে ৫ বিঘা জমির কলা গাছ কেটে তছরুপ

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাবুপুর গ্রামের চাষী লিয়াকত আলীর ৫ বিঘা জমির কলার গাছ ও কলা কেটে তছরুপ করেছে দুর্বৃত্তরা। গত শুক্রবার রাতে কোনো এক সময় দুবৃত্তরা এ ঘটনা ঘটায়। এতে ৯ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি ক্ষতিগ্রস্থ চাষীর। বাবুপুর গ্রামের মাঠে ৫ বিঘা জমিতে কলা চাষ করেন লিয়াকত আলী। আর কিছুদিনের মধ্যে



গাছগুলোতে পুরোপুরি কলার কাধি আসবে। এরই মাঝে গত রাতে দুর্বৃত্তরা ৫ বিঘা জমির কলাগাছ ও কলার কাধি কেটে তছরুপ করে। এ ঘটনায় সন্দেহভাজনদের আসামি করে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন বলে জানিয়েছেন ক্ষতিগ্রস্ত চাষী লিয়াকত আলী । মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদি রাসেল ২-এর পাতায় দেখুন





## যশোরের অভয়নগরে দেশিয় অস্ত্রসহ যুবক আটক

**এস আর নিরব, যশোর :** যশোর জেলার অভয়নগর উপজেলার শংকরপাশা এলাকা থেকে দেশি শুটারগানসহ নুরুজ্জামান (২৫) নামের এক যুবককে আটক করেছে পুলিশ। শুক্রবার সন্ধ্যা সাড়ে ২-এর পাতায় দেখুন

## গাংনীর সাহারবাটী গ্রামে বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী গ্রামে বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সাহারবাটী গ্রামের চারচারা বাজারে এ সভা অনুষ্ঠিত হয় । তৃণমূল বিএনপির নেতাকর্মীদের সাথে নিয়ে ঐক্যবদ্ধ বিএনপির নেতৃত্বে গণআন্দোলনের মাধ্যমে নির্দলীয় সরকারের অধীনে জাতীয় নির্বাচন ব্যবস্থা ফিরিয়ে আনা এবং বিএনপির চেয়ারম্যান পার্সন বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে



এ কর্মী সভা অনুষ্ঠিত হয়। সেই সাথে আগামি ১৭ জুলাই খুলনা বিভাগীয় তারণ্যের সমাবেশ সফল করার লক্ষ্যে পথসভা করা হয় সাহারবাটি ইউনিয়নের বিভিন্ন গ্রামে। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। সাহারবাটী ওয়ার্ড বিএনপির সভাপতি নেকছার আলীর সভাপতিত্বে ও যুবদল নেতা রাজু আহম্মেদ এর ২-এর পাতায় দেখুন



## ফেনীতে যোগ দিচ্ছেন প্রথম নারী ডিসি

**নিজস্ব প্রতিবেদক :** ফেনী জেলা প্রশাসক (ডিসি) পদে রদবদল করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব মুছাম্মৎ শাহীনা আক্তারকে ফেনীর নতুন ডিসি হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। এবং তিনি হবেন ফেনীর ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে এ্যাডভোকেট শাহরিয়ার কবিরের ঈদ পরবর্তী মতবিনিময় ও সৌজন্য সাক্ষাৎ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে এ্যাডভোকেট শাহরিয়ার কবিরের ঈদ পরবর্তী মতবিনিময় ও সৌজন্য সাক্ষাৎ করেছে। দামুড়হুদা,হাউলী, জুড়ানপুর, নতিপুতা, নাটুদা,কার্পাসডাঙ্গা, কুড়ালগাছি, মদনা , দর্শনা পৌরসভা, বাঁকা, সীমান্ত, উথলী,কেডিকে ও মনোহরপুর ইউনিয়নে মতবিনিময় ও সৌজন্য সাক্ষাৎ করেন। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার নৌকাকে বিজয়ী করার লক্ষ্যে চুয়াডাঙ্গা-২ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশী মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির প্রতিষ্ঠাতা ভাইস-চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের দুঃসময়ের সভাপতি ডাঃ নজীর আহাম্মদের যোগ্য



উত্তরসূরী বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য অ্যাডভোকেট মোঃ শাহরিয়ার কবির। তিনি রোদ বৃষ্টি উপেক্ষা করে জনসাধারনের সাথে ঈদ পরবর্তী মতবিনিময় ও সৌজন্য সাক্ষাৎ করেন।

## এডিসের লার্ভা পাওয়ায় ১৪ লাখ টাকা জরিমানা করেছে ডিএনসিসি

**নিজস্ব প্রতিবেদক :** এডিস মশার লার্ভা পাওয়ায় ১৭টি মামলায় ১৪ লাখ ৮৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। গতকাল শনিবার মাসব্যাপী বিশেষ অভিযানের প্রথম দিনে দশটি অঞ্চলে বিভিন্ন বাসাবাড়ি ও প্রতিষ্ঠানে এডিসের লার্ভা পাওয়ায় ১৭টি মামলায় এই জরিমানা আদায় করা হয়। ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলাম বলেন, মশক নিধন অভিযানে আমি কোথায় যাব, কেউ কিছুই জানেন না। আগে থেকে জানিয়ে গেলে সেখানে সবকিছু পরিষ্কার করা থাকে। তাই প্রকৃত অবস্থা দেখতে কাউকে না জানিয়ে ২-এর পাতায় দেখুন





## মেহেরপুরে সাহিত্য পরিষদের সাংস্কৃতিক অনুষ্ঠান

**মেহেরপুর প্রতিনিধিঃ** পবিত্র ঈদ উল আযহা উত্তর ঈদ পুনর্মিলনী উপলক্ষে মেহেরপুরে সাহিত্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শুক্রবার মেহেরপুর সাহিত্য পরিষদের আয়োজনে সাহিত্য পরিষদের কার্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা সাহিত্য পরিষদের সভাপতি নূরুল আহমেদের সভাপতিত্বে ২-এর পাতায় দেখুন

## বৃক্ষ নিধন বন্ধে ১২ দফা দাবি পরিবেশ আন্দোলনের

**নিজস্ব প্রতিবেদক :** বৃক্ষ নিধন বন্ধে ১২ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)। গতকাল শনিবার 'বৃক্ষ নিধন ও তার পরিবেশগত প্রভাব: আমাদের করণীয়' শীর্ষক সংবাদ সম্মেলনে এসব দাবি জানান সংগঠনটির নেতারা। জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে এই সংবাদ সম্মেলনের আয়োজন করে বাংলাদেশ পরিবেশ আন্দোলন। সংবাদ সম্মেলনে 'বৃক্ষ নিধন ও তার পরিবেশগত প্রভাব: আমাদের করণীয়' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের যুগ্ম সম্পাদক স্থপতি ইকবাল হাবিব। মূল প্রবন্ধে তিনি সম্প্রতি ২-এর পাতায় দেখুন






## রশি দিয়ে ঝুলে মোবাইল চুরি, ৭২ ঘন্টার মধ্যে আসামি আটক ॥ ৩৫ টি চোরায় মোবাইল ফোন উদ্ধার

**আলামিন গাজী :** সাতক্ষীরায় অভিনব কায়দায় মোবাইল শোরুম থেকে নগদ টাকা ও ৩৭টি মোবাইল চুরির ঘটনায় মূল আসামীকে ৭২ ঘন্টার মধ্যে গ্রেপ্তার করেছে সদর পুলিশ। এসময় চুরি হওয়া ৩৫টি মোবাইল ফোন উদ্ধার করাহয়েছে। শুক্রবার জয়পুরহাট জেলার ২-এর পাতায় দেখুন





সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### আগারগাঁও-মতিঝিল মেট্রোরেল চালু

# জীবনযাত্রায় আমূল পরিবর্তন প্রত্যাশা

গতকাল থেকে আগারগাঁও-মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের বহুল প্রতীক্ষিত পরীক্ষামূলক চলাচল শুরু হয়েছে। এর আগে দিয়াবাড়ী থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল চালু হয়। ২০২২ সালের ২৮ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটি উদ্বোধন করেন। এর মধ্য দিয়ে বাংলাদেশ প্রবেশ করেছে আধুনিক গণপরিবহন মেট্রো যুগে। আধুনিক নগরজীবনে মেট্রোরেল সৃষ্টি করেছে গতির নতুন যুগ। খুলে দিয়েছে সম্ভাবনার নতুন দিগন্ত। এটা আমাদের জন্য গৌরবের, আনন্দের। নির্মাণ কর্তৃপক্ষ জানায়, চলতি বছরের অক্টোবর থেকে আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে। কর্তৃপক্ষ আশা করছে, এরপর মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল ২০২৫ সালের জুনে চালু হবে। রাজধানী ঢাকার গণপরিবহনে বিশৃঙ্খলা ও অব্যবস্থাপনা নিয়ে জনগণের অভিযোগের শেষ নেই। দুর্ভোগ ঢাকা মহানগরীর মানুষের নিত্যসঙ্গী। আশা করা হচ্ছে, ঢাকা মহানগরীর জনগণের দীর্ঘদিনের দুর্ভোগের অবসান হবে। ২০১৬ সালের ২৬ জুন এমআরটি লাইন ৬-এর নির্মাণকাজ শুরু হয়। উত্তরা থেকে মতিঝিল-কমলাপুর রেলওয়ে স্টেশন পর্যন্ত ২১.২৬ কিলোমিটারের পুরো রুটটি ৪০ মিনিটেরও কম সময়ে মেট্রোরেল প্রতি ঘণ্টায় ৬০ হাজার যাত্রী বহন করবে বলে ধারণা করা হচ্ছে। ২০.১ কিলোমিটার দীর্ঘ মেট্রোরেল লাইন উত্তরা ফেজ-৩ এবং পল্লবী, রোকেয়া সরণি, খামারবাড়ি, ফার্মগেট, কারওয়ানবাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী কেন্দ্র (টিএসসি), দোয়েল চত্বর এবং জাতীয় প্রেস ক্লাব হয়ে মতিঝিলের বাংলাদেশ ব্যাংক পর্যন্ত বিস্তৃত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালের ২৪ জুন এমআরটি লাইন-৬ নামে পরিচিত মেট্রোরেল প্রকল্পের নির্মাণ উদ্বোধন করেন। ২ কোটির বেশি মানুষের শহর ঢাকা। কিন্তু সেই তুলনায় নাগরিক সুবিধা বিশেষত স্বাচ্ছন্দ্যে নগরীর এক প্রান্ত থেকে অন্যত্র ভ্রমণের সুবিধা এখনো খুবই সীমিত। যাতায়াতের ক্ষেত্রে ভোগান্তির শেষ নেই এই মেগা সিটির নাগরিকদের। নগরবাসীর নিত্যদিনের ভোগান্তি কমিয়ে আনা এবং সময় বাঁচাতে সরকার রাজধানী ঢাকাকে মেট্রোরেলের আওতায় নিয়ে আসার উদ্যোগ নেয়। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কর্তৃপক্ষ বলছে, প্রতি স্কয়ার মিটারে ৮ জনের হিসাবে ব্যস্ততম সময়ে প্রায় ১ হাজার ৭০০ যাত্রী চলাচল করতে পারবে। মেট্রোরেলের ১৬টি স্টেশন হচ্ছে- উত্তরা, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০ নম্বর, কাজীপাড়া, তালতলা, আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট, সোনারগাঁও, জাতীয় জাদুঘর, দোয়েল চত্বর, জাতীয় স্টেডিয়াম এবং মতিঝিল বাংলাদেশ ব্যাংক এলাকায়। বলা হচ্ছে, ঘনবসতিপূর্ণ ঢাকার যোগাযোগ ব্যবস্থা আধুনিকায়ন ও যানজট নিরসনে মেট্রোরেল ইতিবাচক ভূমিকা রাখবে। বিশেষজ্ঞদের মতে, ঢাকার বিপুলসংখ্যক যাত্রী ও যানবাহনের চাপ সামলাতে মেট্রোরেলের মতো গণপরিবহনই হতে পারে একটি কার্যকর বিকল্প ব্যবস্থা। মেট্রোরেল প্রতি ঘণ্টায় ৮০ হাজার যাত্রী পরিবহন করতে পারবে। ফলে মেট্রোরেল স্থাপিত হলে রাস্তায় যাত্রী এবং পরিবহন উভয়ের ওপরই চাপ কমবে। এর ফলে সড়কপথে যানবাহন চলাচল কিছুটা হলেও নিয়ন্ত্রণে আসবে। মেট্রোরেলে বিভিন্ন রুটে সাশ্রয়ী খরচে স্বাচ্ছন্দ্যে চলাচলের সুযোগ সৃষ্টি হলে প্রাইভেটকার এবং অন্যান্য যানবাহনে করে চলাচল করার প্রবণতা হ্রাস পাবে। বর্তমানে মোট জিডিপির ৩৭ শতাংশ জোগান দিচ্ছে ঢাকা। যানজটের কারণে দেশের প্রধান প্রধান শহরে নগরায়ণের অনেক অর্থনৈতিক সুযোগ-সুবিধা পাওয়া যাচ্ছে না। মেট্রোরেলে রাজধানীতে বসবাসকারী নাগরিকদের প্রতিদিনের জীবনযাত্রায় আনবে আমূল পরিবর্তন। মানুষের উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে রাখবে গুরুত্বপূর্ণ অবদান।

## গাংনীতে সম্পদ লিখে নিয়ে রাস্তায়

খাওয়াবে আর মৃত্যুর সময় সৃষ্টিকর্তার নামটি কানে দিবে। কিন্তু না, তা হয়নি। হতভাগা মায়ের জিবনে নেমে এসেছে সুখের বদলে দুঃখের ঘনঘটা। পাষণ্ড সন্তানেরা কৌশলে ৫ বোনকে ফাঁকি দিয়ে স্থাবর অস্থাবর সব সম্পত্তি লিখে নেয়। এর পর থেকে নির্মম নির্যাতন শুরু করেন সন্তান ও তাদের স্ত্রীরা। সম্পদ থেকে ব তি হওয়ায় মেয়েরাও খোঁজ নেন না মায়ের। অবশেষে দুমুঠো ভাত না দিয়ে বাক প্রতিবন্ধী মাকে ফেলে গেছে রাস্তায়। বৃষ্টির মধ্যে ভিজে আর্তনাদ করলেও কেউ এগিয়ে আসেনি তাকে রক্ষায়। প্রতিবেশি বাবলু জানান, মায়ের ভরন পোষন ও ভাত দেয়ার বিষয়ে তিন ভায়ের মধ্যে সমঝোতা হয়। ১০ দিন করে একেক সন্তান মাকে খাওয়াবে ও যত্ন নিবে। অথচ কেউ সঠিকভাবে তা করেন না। যার কাছেই যাক নির্যাতন করে সেই। বর্তমানে মেজ ছেলের কাছে রয়েছেন মা সাহেরা। কিন্তু সন্তান ও স্ত্রী রুপিয়া খাতুন মা সাহেরাকে বৃষ্টির মধ্যে রাস্তায় ফেলে যায়। একই কথা জানালেন, আহসান হাবিব বাচ্চু। প্রতিবেশি সাজিয়া খাতুন জানান, সন্তানদের কারো কোন অভাব নেই সংসারে। বৃদ্ধ মহিলাটা এমনিতেই প্রতিবন্ধী। আর কয়দিন ইবা বাঁচবে ? অথচ তাকে দুমুঠো ভাত না দিয়ে করা হচ্ছে অকথ্য নির্যাতন। প্রতি নিয়ত ওই পরিবারের লোকজন মারধর করে। সাহেরা খাতুনের দেবর হারেজ আলী জানান, সাহেরা খাতুনের স্বামী মারা যাবার সময় নগদ ৪০ হাজার টাকা দিয়ে যান স্ত্রীকে তার দাফন কাফনের জন্য। হারেজ আলীসহ কয়েকজন ওই টাকা স্থানীয় কাউছার মেম্বরের কাছে জমা রাখা হয়। কিন্তু সেই টাকারও হদিস নেই। আবার বয়স্কভাতা প্রাপ্ত টাকা গুলোও সন্তানেরা ভাগ করে নিয়ে নেয়। এ ব্যাপারে বৃদ্ধা সাহেরা খাতুনের কোন ছেলে ও তাদের স্ত্রীরা কোন কথা বলতে চান নি। এদিকে ৪০ হাজার টাকা গচ্ছিত রাখার ব্যাপারে স্থানীয় মেম্বর কাউছার মেম্বরের সাথে যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায় নি। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এ ব্যাপারে কেউ কোন অভিযোগ করলে ব্যবস্থা নেয়া হবে।

## নীলফামারীতে তিস্তার পানি

কেন্দ্র সূত্র বলছে, উজানের ঢল ও ভারী বর্ষণে গত শুক্রবার সন্ধ্যা থেকে তিস্তার পানি বাড়তে শুরু করে। সকাল ৬টার দিকে তিস্তার ডালিয়া ব্যারাজ পয়েন্টে নদীর পানির প্রবাহ রেকর্ড করা হয় ৫২ দশমিক ২৮ সেন্টিমিটার, যা বিপৎসীমার ১৩ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। পরে কমে গিয়ে সকাল ৯টার দিকে বিপৎসীমার ৫ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এ বিষয়ে উপজেলার পূর্ব ছাতনাই ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান আবদুল লতিফ খান ও টেপাখড়িবাড়ী ইউপি চেয়ারম্যান ময়নুল ইসলাম জানান, তিস্তার পানি বেড়ে যাওয়ার কারণে নদী অববাহিকার ১০টি চরাঞ্চলের মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। এ ছাড়া গত কয়েকদিন ধরে নদীর পানি ওঠা-নামায় এসব চরাঞ্চলে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পাউবো ডালিয়া পয়েন্টের নির্বাহী প্রকৌশলী মো. আসফা-উদ-দৌলা বলেন, উজানে ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে তিস্তার পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে, যা এই মৌসুমে এ পয়েন্টে সর্বোচ্চ বিপৎসীমা অতিক্রম করল। তবে পরিস্থিতি স্বাভাবিক রাখতে ব্যারাজের ৪৪টি জলকপাট খুলে রাখায় দ্রুত এই পরিস্থিতির উন্নতি হচ্ছে। এ ছাড়া পানি বেড়ে যাওয়ার কারণে সতর্কাবস্থায় রয়েছে পাউবো।

## দর্শনায় উদ্যোক্তা গড়ার লক্ষ্যে

চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম, দর্শনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু, স্থানীয় দৈনিক মাথাভাঙ্গা পত্রিকা সম্পাদক-প্রকাশক ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা নাগরীক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগরের পুত্র, জেসিআইয়ের পরিচালক মুনতাসীর আজগার আকাশ। অনুষ্ঠানে উপজেলার সকল স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। জেসিআইয়ের পরিচালক মুনতাসীর আজগার আকাশ সকলের উদ্দেশে বলেন, আমাদের লক্ষ্য নতুন জেনারেশন উদিয়মান, স্কুল কলেজের শিক্ষার্থীদের নিয়ে কাজ করা যেন পরবর্তীতে তারা নিজেরাই উদ্যোক্ত হতে পারে। এদিকে উদ্যোক্তা গড়ার লক্ষে কাজ করা ও এমন একটি সুন্দর আয়োজনের জন্য সাধুবাদ জানিয়েছে সচেতন মহল।

## কালীগঞ্জ সাংবাদিকদের সাথে

জাতীয় সংসদ সদস্য। ঝিনাইদহ-৪ আসনে রয়েছেন বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রনালয় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এমপি আনোয়ারুল আজিম আনার। তিনি পরপর ২বার এই আসন থেকে নির্বাচিত তার নির্বাচনি এলাকায় অকল্পনিয় উন্নয়ন তিনি করেছেন। স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দির, রাস্তা, ব্রীজ, কালভার্টসহ নানাবিধ সামাজিক উন্নয়ন কর্মকান্ড তিনি করেছেন।
মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনায় তিনি দিনরাত নিরলস শ্রম দিয়ে যাচ্ছেন অসহায় সাধারন মানুষের কল্যাণে পরপর ২ বার এমপি নির্বাচিত হওয়ার পরও তার ভিতরে নেই কোন অহংকার। সাধারন মানুষ তাকে আনার ভাই বলেই সম্মোধন করেন। এবং দলমত নিবিশেষে তাকে সম্মান ও শ্রদ্ধার চোখেই দেখেন। তার প্রচেষ্ঠায় কালীগঞ্জ পৌরসভা এলাকায় ২ টি প্রচীনতম শিক্ষা প্রতিষ্ঠান তিনি সরকারি করন করে দেন। একটি হলো কালীগঞ্জে ঐহিত্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান সরকারি নলডাঙ্গা ভূষন মাধ্যমিক বিদ্যালয় ও অপরটি হলো সরকারি মাহাতাব উদ্দিন ডিগ্রী কলেজ। যা ছিল পৌরবাসির প্রাণের দাবি। তথাপি তিনি বাংলাদেশ সরকারের সমস্থ প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়ন করেছেন।
মেয়র আশরাফ আশাবাদ ব্যক্ত করে বলেন, এবারের দ্বাদশ নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশকে বিশ্ব দরবারে এগিয়ে নিতে বর্তমান সরকারের বিকল্প নেই। আর সে লক্ষে ঝিনাইদহের ৪ টি সংসদীয় আসনে সুনাম অক্ষুন্ন রেখে মাননীয় প্রধানমন্ত্রী মনোনয়ন দিবেন বলে আশা করেন। তবে ঝিনাইদহ-৪ আসনের বর্তমান এমপি আনোয়ারুল আজীম আনার রয়েছেন জনপ্রিয়তার শীর্ষে বলে মনে করেন তার নির্বাচনী এলাকার সাধারন জনগন দল যাকে মনোনয়ন দিবেন তার হয়েই কাজ করতে চান তিনি।

## পেট্রোকেমের ধান ও ঔষধ ব্যবহারে

পোকা দমন না হওয়ায় উৎপাদন নেমেছে অর্ধেকের নিচে। যার ফলে লোকসানের মুখে পড়েছেন চাষীরা। পেট্রোকম কোম্পানির কাছে ক্ষতিপূরণ দাবি করে শনিবার (৮জুলাই) দুপুরে বাগেরহাট প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেছেন ক্ষতিগ্রস্থ চাষীরা।
সংবাদ সম্মেলনে ক্ষতিগ্রস্ত কৃষক মো: কামরুজ্জামান টুকু বলেন, এবারের বোরো মৌসুমে আমরা পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড কোম্পানি'র ধানের বীজ ব্যবহার করি। এই বীজে আমাদের কাঙ্খিত অঙ্কুরোধগম হয়নি। এরপরেও আমরা কোন ভাবে চেষ্টা করেছি যাতে কিছু ধান হয়। পরে কোম্পানির প্রতিনিধিসহ অন্যান্য কর্মকর্তাদের মাধ্যমে উদ্বুদ্ধ হয়ে মাজরা পোকা দমনে একই কোম্পানির "ফাটেরা" নামক একটি ঔষধ ব্যবহার করি। এই ঔষধে আমাদের ধানের পোকা তো মরেনি, বরং আরও বেশি পোকার আক্রমণ হয়েছে ধাণের ক্ষেতে। যার ফলে আমাদের ধানের ফলন অনেক কম হয়েছে। যেখানে ৬৩ শতকের এক বিঘা জমিতে কমপক্ষে ৬০ থেকে ৭০ মন ধান হওয়ার কথা সেখানে আমাদের জমিতে মাত্র ১০ থেকে ১৫ মন ধান হয়েছে। অনেকের জমিতে ১০ মনের নিচেও হয়েছে। এই অবস্থায় আমরা দোকানির বাকি টাকাও পরিশোধ করতে পারিনি। একটা মৌসুম আমাদের শেষ হয়ে গেছে। আমরা একে বারে সর্বশান্ত হয়ে গেছি।
এসময় উপস্থিত অন্যান্য কৃষকরা পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেডের কাছে ক্ষতিপূরণ দাবি করেন। ক্ষতিপূরণ পেতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন তারা।
এবার বোরো মৌসুমে বাগেরহাটের কৃষকরা পেট্রোকেম-৬, পাইয়োনিয়ার এ্যাগ্রো-১৪ ধান ক্রয় করেছেন ৪০০ থেকে ৪২০ টাকা কেজি দরে। এছাড়া কীট নাশক "ফাটারা" ক্রয় করেছেন সাড়ে তিনশ টাকা কেজি দরে।
সংবাদ সম্মেলনে উপস্থিত পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেডের বাগেরহাটের ডিলার (সরবরাহকারী) ব্যবসায়ী সুমন শেখ বলেন, ১০ বছর ধরে পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেডের সাথে ব্যবসা করে আসছি। ২০২২ সালের জুন থেকে চলতি বছরের জুলাই পর্যন্ত এক বছরে এক কোটি টাকার বেশি ঔষধ ও ২০ লক্ষ টাকার ধান বিক্রি করেছি। এর বেশিরভাগই বাকিতে বিক্রি করেছি চাষীদের কাছে। চাষীরা এখন আমার কাছে ক্ষতিপূরণ চাচ্ছেন । আমি একদিকে যেমন কোম্পানিকে ৮০ শতাংশ টাকা দিয়েছি, অন্যদিকে চাষীদের মন রক্ষা করতে গিয়ে নিস্ব হয়েগেছি। বিষয়টি কোম্পানিকে জানানো হলেও, তারা কোন সুরহা করেনি। চাষীদের বাঁচাতে এবং ব্যবসা টিকিয়ে রাখতে কোম্পানির কাছে ক্ষতিপূরণ দাবি করেন এই ব্যবসায়ী।
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাটর উপ-পরিচালক মোঃ রফিকুল ইসলাম বলেন, কৃষকদের পক্ষ থেকে আমাদেরকে এ বিষয়ে কিছুই জানানো হয়নি। কৃষকরা আমাদেরকে জানালে, আমরা খোজ খবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করব।

## গাংনী পৌর আওয়ামী লীগের তথ্য

রিপ্রেজেন্টেটিভ হিসাবে কর্মরত ছিলেন। শনিবার বাদ যোহর গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ প্রাঙ্গণে তাপুর জানাজা নামাজ অনুষ্ঠিত হয়। এদিকে তাপুর মৃত্যুতে বিভিন্ন শ্রেণীপেশার মানুষ শোক প্রকাশ করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ পুত্র ও ১ কন্যা সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

## ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসারদের

শাব্বির ও মিফতাহ উদ্দীন, চিফ হিউম্যান রিসোর্সেস অফিসার মোঃ মোস্তাফিজুর রহমান সিদ্দিকী ও এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট শামসুদ্দোহা, এম জোবায়ের আজম হেলালী ও এন,এস,এম, রেজাউর রহমান। স্বাগত বক্তব্য দেন ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এ.এস.এম রেজাউল করিম।

## সাংবাদিক ফসিহ উদ্দীন মাহতাবকে

ডুমুরিয়া উপজেলা নির্বাহী অফিসার ও প্রধান পৃষ্ঠপোষক, ডুমুরিয়া প্রেসক্লাব শরীফ আসিফ রহমান, সভাপতিত্ব করেন ডুমুরিয়া প্রেসক্লাবের সভাপতি এস.এম জাহাঙ্গীর আলম। বক্তব্য দেন ডুমুরিয়া প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ মাহতাব হোসেন, সিনিয়র সাংবাদিক ?জি এম আব্দুস সালাম,? এম এ এরশাদ, সহ-সভাপতি আব্দুর রশিদ এলিন, সহ সাধারণ সম্পাদক সাব্বির খান ডালিম, সাংগঠনিক সম্পাদক শেখ জাহিদুর রহমান বিপ্লব, দপ্তর সম্পাদক শেখ আব্দুল মজিদ, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আব্দুর রশিদ বাচ্চু, নির্বাহী সদস্য সুজিত মল্লিক, সাংবাদিক বিলায়েত হোসেন, শেখ সিরাজুল ইসলাম, শেখ হাবিবুর রহমান, বাবুল সরদার, আশরাফুল আলম, ইলিয়াস হোসাইন, আব্দুল মজিদ, গাজী আতিয়ার রহমান, ফরিদুল ইসলাম, মহিদুল ইসলাম, এস কে বাপ্পী, মোক্তার হোসেন, জাহাঙ্গীর আলম মুকুল, আক্তারুজ্জামান লিটনসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

## মুজিবনগরে ৫ বিঘা জমির কলা

বলেন, অভিযোগের বিষয়টি খতিয়ে দেখে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## যশোরের অভয়নগরে দেশিয়

৭ টার দিকে শংকরপাশা টু হরিশপুর গামী পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক নুরুজ্জামান শংকরপাশা গ্রামের আব্দুল মালেকের ছেলে। এ বিষয়ে অভয়নগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এবিএম মেহেদী মাসুদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে শংকরপাশা টু হরিশপুর গামী পাকা রাস্তার উপর অস্ত্রসহ এক ব্যক্তি অবস্থান করেছে এমন সংবাদের ভিত্তিতে উপপরিদর্শক (এসআই) মনিরসহ পুলিশের একটি টিম অভিযান চালিয়ে নুরুজ্জামানকে একটি দেশি ওয়ান শুটারগানসহ আটক করা হয়। আটক নুরুজ্জামানের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন অভয়নগর থানার ওসি তদন্ত মিলন কুমার মন্ডল।

## গাংনীর সাহারবাটী গ্রামে বিএনপির

সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা ছাত্রদল সভাপতি নাজমুল হোসেন, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান, গাংনী পৌরসভার ৪নং ওয়ার্ড বিএনপি সভাপতি আজিজুল হক ডাকু, জেলা ওলামা দলের সভাপতি এনামুল হক, গাংনী পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনিরুজ্জামন মনি, গাংনী পৌর ছাত্রদলের সাবেক আহবায়ক ইমন, যুবদল নেতা সাহিবুল ইসলাম, ছাত্রদল ঢাকা কলেজ শাখা যুগ্ম সম্পাদক রাশেদুজ্জামান রাশেদসহ স্থানীয় নেতৃবৃন্দ।

## মেহেরপুরে সাহিত্য পরিষদের

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান। সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নাসির উদ্দীন আহমেদের উপস্থাপনায় এসময় সাহিত্য পরিষদের সহ-সভাপতি আবুল হাসেম, সাদিকুজ্জান খান, সাহিত্য সম্পাদক আবু লায়েছ লাবলু, যুগ্ম সম্পাদক এসএমএ মান্নান, সাংগঠনিক সম্পাদক জিএফ মামুন লাখি, নির্বাহী সদস্য মহিবুল ইসলাম, সাইফুল ইসলাম, আব্রাহীম জীম, সাংস্কৃতিক সম্পাদক আসাদুল হক খোকন, অর্থ সম্পাদক ওবায়দুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

## রশি দিয়ে ঝুলে মোবাইল চুরি

পাচবিবি থানার সীমান্তবর্তী ধরঞ্চিগ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার আসামীর নাম মো: নূর ইসলাম। সে গাইবান্ধা জেলার জোদ্দ কড়িশিং এলাকার আব্দুল মান্নানের ছেলে। শনিবার বিকাল ৩টায় সাতক্ষীরা পুলিশ সুপারের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান অতিরিক্ত পুলিশ সুপার সজীব খান। এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম) আতিকুল ইসলাম, সদর সার্কেলের এসপি মীর আসাদুজ্জামান, সদর থানার ওসি মইদুল ইসলাম, উপপরিদর্শক তন্ময় মোহন্ত প্রমুখ।
অতিরিক্ত পুলিশ সুপার সজীব খান জানান, গত ২১ জুন তারিখে সাতক্ষীরা শহরের সঙ্গীতা মোড় এলাকার মোহাম্মদিয়া টেলিকম নামে একটি দোকানের টিনের চাল কেটে রশি দিয়ে ঝুলে নগদ ২ লাখ ৭৫ হাজার টাকা ও ৩৭টি মোবাইল চুরি করে সংঘবদ্ধ চোরচক্র। চুরি হওয়া মোবাইলের দাম আনুমানিক ১০ লাখ ২০ হাজার টাকা। এ ঘটনায় সদর থানায় মামলা দায়েরের পর সদর সার্কেলের এসপি মীর আসাদুজ্জামান এর নেতৃত্বে ও সদর থানার উপপরিদর্শক তন্ময় মহন্ত ছাড়াও আরো চার সদস্যের একটি টিম যার সাংকেতিক নাম ডিটেকটিভ ০০৫ এঅভিযান পরিচালনা করে। ৭২ শ্বাসরুদ্ধকর অভিযানে তথ্যপ্রযুক্তির সহায়তায় চোর নূর ইসলামকে গ্রেপ্তার করা হয়। এসময় তার স্বীকারোক্তি অনুযায়ী একটি পরিত্যক্ত ঘর থেকে চুরি হওয়া ৩৫টি মোবাইল উদ্ধার করে পুলিশ। বাকি দুটি মোবাইল উদ্ধার করা সম্ভব হয়নি। অতিরিক্ত পুলিশ সুপার আরও জানান, গ্রেপ্তার আসামীকে জেলহাজতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

## প্রধানমন্ত্রীকে নিয়ে মাশরাফির

শুক্রবার মাশরাফির মাধ্যমেই প্রধানমন্ত্রী সঙ্গে বৈঠকে বসেন তামিম। পরে তামিমের প্রধানমন্ত্রী পর্যন্ত পৌঁছানোর প্রক্রিয়াও জানান মাশরাফি। এবার নিজের ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্টে প্রধানমন্ত্রীকে নিয়ে আবেগঘন স্ট্যাটাস দিয়েছেন নড়াইল এক্সপ্রেস।
মাশরাফি তার স্ট্যাটাসে লেখেন, 'সাকিবের ডেঙ্গু হলে, তিনি হাসপাতালে গিয়ে হাজির। মুশফিকের ব্যক্তিগত কথা বলতে হবে, তিনি বললেন, ''চলে আসো গণভবনে।'' তামিম হুট করে অবসরে, তিনি ডেকে নিয়ে সমাধান করে দিলেন। এরকম আরও অনেক উদাহরণ আছে একজন নেতার, যিনি দেশের অর্থনীতি থেকে শুরু করে খেলাধুলা, সবকিছুর খেয়াল রাখেন।'
এরপর ক্রিকেটারদের উদ্দেশে তিনি আরও লেখেন, 'প্রিয় খেলোয়াড় ভাইরা, এটা আপনাদের বুঝতে হবে যে, এসব তার দুর্বলতা নয়, বরং তার ভালোবাসা। সেই ভালোবাসা থেকেই তিনি আপনাদের সম্মান করেন। আপনাদেরও উচিত ভালোবাসা দিয়ে সেই সম্মানটা ফিরিয়ে দেওয়া। অর্থাৎ নিজের কাজটা ঠিকভাবে করা, পুরো মনোযোগ দিয়ে খেলা ও সর্বোচ্চ চেষ্টা করা।' মাশরাফি আরও লেখেন, 'দেশের কোটি কোটি ক্রিকেটভক্ত আপনাদের দিকে তাকিয়ে, কারণ আপনারাই পারেন দেশ ও দেশের মানুষকে আনন্দের জোয়ারে ভাসাতে। কোটি কোটি মানুষ প্রতিদিনের জীবনযুদ্ধের পরও একটু আশা নিয়ে কখনও গ্যালারিতে, কখনও টেলিভিশনের সামনে বসে আপনাদের দেখতে, স্রেফ আপনাদের ভালোবেসে আর আপনাদের কাছ থেকে একটু আনন্দ পাওয়ার আশায়। আপনাদের জয় দেখে এই মানুষগুলো ভাবে, তারা নিজেরাই জিতেছে। এই আনন্দ, এই সুখ পৃথিবীর কোনো কিছুতেই আসবে না। আপনারা জিতবেন, আমরাও জিতব, এই আশাতেই আছি আমরা।'

## আজ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে মানতে

উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। নির্দেশনায় এডিস মশার বংশবিস্তার রোধে প্রতিষ্ঠানের খেলার মাঠ ও ভবনে জমে থাকা পানি দ্রুত সরিয়ে ফেলতে বলা হয়েছে। প্রতিষ্ঠানের ফুলের টব নিয়মিত পরিষ্কার করা ও যাতে পানি জমতে না পারে তা নিশ্চিত করতে হবে। এছাড়া উপস্থিত শিক্ষকদের ডেঙ্গু প্রতিরোধের উপায়গুলো সম্পর্কে প্রতিদিন শিক্ষার্থীদের জানাতে বলা হয়েছে। আদেশটি সব সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের কাছে পাঠানো হয়েছে। পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। আগামীকাল উল্লেখিত নির্দেশনা মেনে শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে।

## ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েতে

বিমানবন্দর থেকে ফার্মগেট অংশ যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে। গতকাল শনিবার প্রকল্পের অগ্রগতি পরিদর্শন শেষে গণমাধ্যমকে ওবায়দুল কাদের এ তথ্য জানিয়েছেন।
সেতুমন্ত্রী বলেন, 'আমরা আশা করছি বিমানবন্দর থেকে তেজগাঁও পর্যন্ত ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে এই সেপ্টেম্বরে জনসাধারণের জন্য উন্মুক্ত হবে।'
এ সময় সব ধরনের যানবাহন এক্সপ্রেসওয়েতে চলবে কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, মোটরসাইকেল ও থ্রি হুইলার ছাড়া সব ধরনের যানবাহন চলাচল করবে।
সেতুমন্ত্রী বলেন, এক্সপ্রেসওয়ে তিনটি ধাপে সম্পন্ন করা হচ্ছে। প্রথম অংশের বনানী পর্যন্ত ৯৭ শতাংশ, বনানী থেকে মগবাজার অংশে ৫৪ শতাংশ কাজ শেষ হয়েছে। অন্যদিকে মগবাজার থেকে কুতুবখালী পর্যন্ত শেষ অংশে ভৌত কাজ শুরু হয়েছে। এ প্রকল্পের সর্বমোট কাজ শেষ হয়েছে ৬৩ শতাংশ।
পুরো প্রকল্প শেষ হলে রাজধানীকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের (কুতুবখালী) সঙ্গে যুক্ত করবে।

## পশ্চিমবঙ্গ ভোটে রক্তের হোলি

জনমত কোথাও ভাসল জলে, কোথাও আবার বক্স সমেত ব্যালটের ঠাঁই হল নর্দমায়। এছাড়া ব্যালট পেপারে ছাপ্পা আটকে বক্সের মধ্যে কোথাও বিরোধী-রা ঢেলে দিলেন ফ্যান, তো কোথাও জল। তা সত্ত্বেও বিকেল পাঁচটা পর্যন্ত ভোট পড়ল ৬৬.৫৮%।
রাজ্যে একের পর এক সন্ত্রাসের অভিযোগ, মৃত্যু। কিন্তু কোথায় কমিশন। ভোট সন্ত্রাসের এমন আবহে রাজ্য নির্বাচন কমিশনের দাবি, সমস্ত ব্যবস্থাপনা ঠিকই ছিল। তবে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব কমিশনের নয় রাজ্যের বলে দায় ঝাড়লেন কমিশনার রাজীব সিনহা। সন্ত্রাস থেকে ছাপ্পার পর ভোট পরিচালক কমিশনের ব্যাখায় প্রশ্ন ওঠে তাহলে রাজ্যে পঞ্চায়েত ভোটের দায়িত্বে ছিল কে রাজ্য না কমিশন?

## রোহিঙ্গা প্রত্যাবাসনে যুদ্ধ ছাড়া

বলেনি যে তারা নেবে না। তিনি বলেন, রোহিঙ্গাদের কেউ কেউ বোঝাচ্ছেন, যাতে তারা ফিরে না যায়। সে কারণে রোহিঙ্গা প্রত্যাবাসনে পাইলট প্রকল্পেও অনেকে বাধা দিচ্ছে। তবে রোহিঙ্গারা গেলে নিজেদেরই ভবিষ্যৎ ভালো হবে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, আগামী নির্বাচনে বিদেশি পর্যবেক্ষকের অংশগ্রহণকে গুরুত্ব দিচ্ছে না সরকার। তারা যদি নির্বাচন পর্যবেক্ষণে না-ও আসে, সেটি দেশের ক্ষতির কারণ হবে না। পররাষ্ট্রমন্ত্রী বলেন, দুনিয়ার বড় বড় দেশে নির্বাচন দেখার জন্য কোনো পর্যবেক্ষক যায় না। আমাদের দেশে পর্যবেক্ষক এলো কি এলো না, এতে কিছু যায় আসে? বিদেশি পর্যবেক্ষক যদি আসতে চায়, তবে আমাদের আপত্তি নেই জানিয়ে মন্ত্রী বলেন, নির্বাচন পর্যবেক্ষক এলে ভালো, কিন্তু না এলে আমরা পরোয়া করি না।

## মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে

ও ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে আমরা যতগুলো বৈঠক করেছি কখনো তারা বলেনি তত্ত্বাবধায়ক সরকার আনতে হবে, তারা কখনো বলেনি প্রধানমন্ত্রীর পদত্যাগ করতে হবে, তারা বলেনি পার্লামেন্ট ভেঙে দিতে হবে। আমাদের সংবিধান অনুযায়ী একটা সুন্দর ক্রেডিবল নির্বাচন হবে।
মন্ত্রী আরও বলেন, আমরা একটা স্বচ্ছ নির্বাচন করব এটা তাদের আমরা জানিয়ে দিয়েছি। স্বয়ং প্রধানমন্ত্রীও জানিয়ে দিয়েছেন সংবিধান অনুযায়ী নির্বাচন স্বচ্ছ ও অবাধ হবে।
তিনি বলেন, সরকার যেমন আছে তেমনই থাকবে। একটি ঢেউও তো জাগাতে পারেনি। তাদের আন্দোলনে নেতা কে? ক্যাপ্টেন ছাড়া কি জাহাজ চলবে? এ জগাখিচুড়ি ঐক্যে দফায় দফায় পরিবর্তন। এ ৩২ দল টিকবে কি না তার গ্যারান্টি নেই। আগে তো ছিল ৫৪ দল। এ জগাখিচুড়ি ঐক্যের পতন অনিবার্য।
এ সময় বিএনপিসহ ৩২ দলের এক দফা আন্দোলন নিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, ৩২ দলের এ জগাখিচুড়ির ঐক্যে এক দফার আন্দোলনের পতন অনিবার্য।

## ঢাকায় ফেরা মানুষের নিরাপত্তা

ডগ স্কোয়াড, সিসিটিভি ক্যামেরা এবং গোয়েন্দা নজরদারির মাধ্যমে পর্যাপ্ত নিরাপত্তা দিয়ে সুষ্ঠু স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখা হয়। এরেই ধারাবাহিকতায় ঈদের দিনসহ ঈদের আগে-পরে প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে র‍্যাবের নিরাপত্তা টহল এবং চেকপোস্ট অব্যাহত ছিল। ঈদ পরবর্তী সময়ে ঢাকা ছেড়ে যাওয়া জনসাধারণ যখন পুনরায় ঢাকায় ফিরতে শুরু করছে তখন ছিনতাইসহ যেকোনো ধরনের অরাজক পরিস্থিতি এড়াতে পুনরায় নিরাপত্তা পরিস্থিতি জোরদারে র‍্যাবের টহল এবং গোয়েন্দা নজরদারির মাধ্যমে পরিস্থিতি স্বাভাবিক রাখার চেষ্টা অব্যাহত রয়েছে। র‍্যাব-৩ এর দায়িত্বপূর্ণ এলাকায় নিয়মিত টহলের পাশাপাশি বিশেষ টহল পরিচালনা করা হচ্ছে এবং বিশেষ গোয়েন্দা নজরদারি চলমান রয়েছে। র‍্যাব-৩ এর আওতাভুক্ত এলাকায় সক্রিয় এবং সংঙ্ঘবদ্ধ ছিনতাইকারীদের আইনের আওতায় আনতে সাঁড়াশি অভিযানের পাশাপাশি বিশেষ গোয়েন্দা টিম কাজ করছে। ঢাকামুখী জনগণের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে আগামী বেশ কয়েকদিন র‍্যাবের এ ধরনের বিশেষ টহল, সাড়াশি অভিযান এবং গোয়েন্দা নজরদারি চলমান থাকবে।

## আজ থেকে নিয়মিত বিচারকার্যে

কোর্টে অবকাশ মিলিয়ে দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিমকোর্টে নিয়মিত বিচারিক কার্যক্রম বন্ধ ছিল।

## আরও ২৩ জনের করোনা

ব্যবস্থাপনায় ৮৮৫টি ল্যাবে গত ২৪ ঘণ্টায় নমুনা সংগ্রহ করা হয়েছে ৭১১টি এবং মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৭১১টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা করা হয়েছে এক কোটি ৫৪ লাখ ৮০ হাজার ৮০৩টি। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষায় শনাক্তের হার তিন দশমিক ২৩ শতাংশ। এ পর্যন্ত নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১৩ দশমিক ২০ শতাংশ। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৯৮ দশমিক ৩৭ শতাংশ। শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার এক দশমিক ৪৪ শতাংশ। এতে আরও জানানো হয়, গত ২৪ ঘণ্টায় ১৬ জন আইসোলেশনে এসেছেন ও আইসোলেশন থেকে কেউ ছাড়পত্র পায়নি। এ পর্যন্ত মোট আইসোলেশনে এসেছেন চার লাখ ৫২ হাজার ৫৪৬ জন ও আইসোলেশন থেকে ছাড়পত্র পেয়েছেন চার লাখ ২৩ হাজার ২৪৩ জন। বর্তমানে আইসোলেশনে আছেন ২৯ হাজার ৩০৩ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মতে, ২০২০ সালের ৮ মার্চ দেশে করোনা ভাইরাসের প্রথম রোগী শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ করোনায় আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

## বিজেপির আমন্ত্রণে দিল্লি যাচ্ছেন

আরও অনেকের সঙ্গে বৈঠক করার কথা রয়েছে।
কৃষিমন্ত্রী নিজেও বিষয়টি সফরের বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, তাঁর নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল বিজেপির আমন্ত্রণে দিল্লি যাচ্ছে। শিগগিরই সফরের সময়সূচি চূড়ান্ত হবে।
চলতি বছরের শেষে বা আগামী বছরের শুরুতে বাংলাদেশে জাতীয় নির্বাচন। এর আগে আওয়ামী লীগের শীর্ষ নেতাদের এই সফর ঘিরে অন্যরকম কৌতূহল ও আগ্রহ সৃষ্টি হয়েছে। তবে বিজেপি সূত্র জানিয়েছে, দলীয় সম্পর্ক স্থাপনের এই উদ্যোগের সঙ্গে নির্বাচনী রাজনীতির কোনো সম্পর্ক নেই।
বিজেপি সূত্র জানিয়েছে, কয়েক বছর ধরেই বিজেপি দলীয় স্তরে বিভিন্ন দেশের রাজনৈতিক দল ও রাষ্ট্রদূতদের সঙ্গে সম্পর্ক সুদৃঢ় করার কর্মসূচি গ্রহণ করেছে। জে ডি নাড্ডা দলের সভাপতি হওয়ার পর ইতিমধ্যেই তিনি বিভিন্ন দেশের রাষ্ট্রদূতের সঙ্গে দেখা করেছেন। তাঁদের দলীয় দপ্তরে আমন্ত্রণ জানিয়েছেন। রাজনৈতিক আলোচনার মধ্য দিয়ে পারস্পরিক বোঝাপড়া মজবুত করতে সচেষ্ট হয়েছেন।

## ব্যালট পেপারসহ নির্বাচনী

সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা, ভোটকেন্দ্রে সিল পাঠানো এবং আইন অনুসারে নির্বাচনী কাগজপত্র সংরক্ষণের পরিপত্র জারি করা হয়েছে।

## গণঅধিকার পরিষদের পল্টনের

নুরে অনুসারীদের নিয়ন্ত্রণে রয়েছে। আহ্বায়ক রেজা কিবরিয়ার অনুসারীরা সেদিকে ভিড়ছেন না। নিবন্ধনের আবেদন যাচাইয়ে নির্বাচন কমিশন যখন গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় পরিদর্শনের সিদ্ধান্ত নিয়েছে, তখনই কার্যালয় ছাড়ার নোটিস পেল দলটি। ইসি কর্মকর্তাদের আগামী সোমবার সেখানে যাওয়ার কথা, আর তার আগের দিনই অফিস খালি করে দিতে বলেছেন ভবন মালিক। শনিবার নুর পক্ষের দপ্তর সমন্বয়ক শাকিল উজ্জামান জানান, শুক্রবার দুই দিনের নোটিসে অফিস ছাড়ার চিঠিটি পেয়েছেন তারা। এ নিয়ে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ নেবেন।
তিনি বলেন, "গত বছরের ১ মার্চ তিন বছরের চুক্তিতে কার্যালয় ভাড়া নেওয়া হয়। মালিকপক্ষের সঙ্গে চুক্তিপত্রে কার্যালয় ছাড়তে ৬ মাসের নোটিসের কথা উল্লেখ রয়েছে। সুতরাং তারা নোটিস দিলেই কার্যালয় ছেড়ে দেওয়া হবে, বিষয়টা এমন না।" যে ফ্ল্যাটে গণঅধিকার পরিষদের কার্যালয়, তার মালিক অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মিয়া মশিউজ্জামান দলটির যুগ্ম আহ্বায়কের পদে রয়েছেন। তিনি বলেন, অফিসের ১২ মাসের বেশি ভাড়া বাকি রয়েছে। গত কিছুদিন ধরে দলের পাল্টাপাল্টি গ্রুপের অবস্থানের মধ্যে বাণিজ্যিক ভবনের অন্যরাও উদ্বিগ্ন ও শঙ্কিত।

## গণঅধিকার পরিষদের কার্যালয়ে

নেই দাবি করে তথ্য পুনঃযাচাই কমিটির আহ্বায়ক নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) আব্দুছ সালাম বলেন, নির্বাচন কমিশন আমাদের পুনঃযাচাই করতে বলেছে। এটা সঙ্গে দলটির পাল্টাপাল্টি অবস্থানের সঙ্গে সম্পর্ক নেই। আমাদের কাছে আহ্বায়ক-সদস্য সচিব হিসেবে রেজা কিবরিয়া ও নুরুল হক নুর রয়েছে, তাদের দুই পক্ষকে বুধবার চিঠি দেয়া হয়েছে। উপ-সচিব সালাম জানান, গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় ও কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির কার্যকারিতা এবং অন্যান্য বিষয় সংক্রান্ত তথ্য তারা ১০ জুলাই পুনঃযাচাই করবেন। এ দিন নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট দলের আহ্বায়ক, সদস্য সচিব ও দপ্তর সম্পাদককে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকতে হবে।

## ঈদ যাত্রায় দুর্ঘটনায় নিহত ৩৪০

করলে এবারের ঈদে সড়ক দুর্ঘটনা ১৫ দশমিক ১৬ শতাংশ, প্রাণহানি ৩৩ দশমিক ১১ শতাংশ, আহত ৪২ দশমিক ২৭ শতাংশ কমেছে। উল্লেখিত সময়ে রেলপথে ২৫টি ঘটনায় ২৫ জন নিহত ও ১০ জন আহত হয়েছে। নৌ-পথে ১০টি দুর্ঘটনায় ১৬ জন নিহত, আহত ১৫ জন ও ৬ জন নিখোঁজ হয়েছে। বেশ কয়েক বছর যাবৎ দুর্ঘটনার শীর্ষে মোটরসাইকেলের অবস্থান থাকলেও এবারের পর্যবেক্ষণে দেখা যায়, পশুবাহী যানবাহনের ব্যাপক চলাচল ও ঈদযাত্রায় নিষেধাজ্ঞা অমান্য করে অবাধ চলাচলের কারণে এবারের ঈদে দুর্ঘটনার শীর্ষে রয়েছে ট্রাক-পিকআপ-কাভার্ডভ্যান। এবারের ঈদে ৮৮টি ট্রাক-পিকআপ-কাভার্ডভ্যান দুর্ঘটনায় ৯৩ জন নিহত এবং ১৯৩ জন আহত হয়েছে। বহুল প্রচারিত ও বিশ্বাসযোগ্য জাতীয় দৈনিক, আঞ্চলিক দৈনিক ও অনলাইন দৈনিক-এ প্রকাশিত সংবাদ মনিটরিং করে প্রতি বছর ঈদযাত্রায় এ প্রতিবেদন তৈরি করে আসছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির সড়ক দুর্ঘটনা মনিটরিং সেলের সদস্যরা।

## হাসপাতালে ডেঙ্গু রোগী

ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ৭২৯ জন।
মাসের হিসাবে জানুয়ারিতে ৫৬৬ জন, ফেব্রুয়ারিতে ১৬৬ জন, মার্চে ১১১ জন, এপ্রিলে ১৪৩ জন, মে মাসে ১ হাজার ৩৬ জন এবং জুন মাসে ৫ হাজার ৯৫৬ রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।
এদের মধ্যে জানুয়ারিতে ছয়জন, ফেব্রুয়ারিতে তিনজন, এপ্রিলে দুজন, মে মাসে দুজন এবং জুন মাসে ৩৪ জনের মৃত্যু হয়।
ডেঙ্গু আক্রান্ত হয়ে এ বছর যাদের মৃত্যু হয়েছে, তাদের প্রায় সবাই 'ডেঙ্গু হেমোরেজিক ফিভারে' ভুগছিলেন এবং 'শক সিনড্রোমে' মারা গেছেন।
এই রোগে আক্রান্ত হয়ে গত বছর ৬২ হাজার ৩৮২ জন রোগী হাসপাতালে ভর্তি হন। তাদের মধ্যে রেকর্ড ২৮১ জনের মৃত্যু হয়।
এর আগে ২০১৯ সালে দেশে এক লাখেরও বেশি মানুষ ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে গিয়েছিলেন, যা এ যাবৎকালের সর্বাধিক। সরকারি হিসাবে সে বছর মৃত্যু হয়েছিল ১৭৯ জনের।

## দেশে ফিরেছেন ২৪ হাজার ১৫৮

এ তথ্য জানানো হয়েছে। চলতি বছর বাংলাদেশ থেকে মোট ১ লাখ ২২ হাজার ৮৮৪ জন হজ পালনে সউদী আরব যান। এসব হজযাত্রী বহন করতে মোট ফ্লাইট পরিচালনা করা হয় ৩২৫টি। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ১৫৯টি ফ্লাইটে ৬১ হাজার ১৮০ জন, সউদী এয়ারলাইন্স ১১৩টি ফ্লাইটে ৪১ হাজার ৪৬৮ জন এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ৫৩টি ফ্লাইটে ২০ হাজার ২৩৬ জন হজযাত্রী বহন করে। আগামী ২ আগস্ট শেষ ফিরতি ফ্লাইট হওয়ার কথা রয়েছে।
এবার হজে গিয়ে সউদী আরবে এখন পর্যন্ত সর্বমোট মারা গেছেন ৯০ জন হজযাত্রী/হাজী। তাদের মধ্যে পুরুষ ৬৯ জন এবং নারী ২১ জন।

## মাদারীপুরে বাজার থেকে ফেরার

সদর উপজেলার ছিলারচর ইউনিয়নের একটি আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী ভ্যানচালকের মেয়ে ওই কিশোরী। গত শুক্রবার দুপুরে চার বছরের চাচাতো বোনকে সঙ্গে নিয়ে পাশের বাজার থেকে বাড়িতে ফিরছিল সে। এ সময় ছিলারচর এলাকার শওকত ওই কিশোরীর পথ আটকান। পরে তাকে জোর করে পাশের একটি বাগানে নিয়ে হাত-পা বেঁধে মুখ চেপে ধর্ষণ করেন। একপর্যায়ে ওই কিশোরী অসুস্থ হয়ে পড়লে শওকত পালিয়ে যান। পরে কিশোরী বাড়িতে গিয়ে তার পরিবারকে জানায়। প্রথমে লোকলজ্জার ভয়ে বিষয়টি নিয়ে তারা চুপ থাকেন। পরে রাতে কিশোরী আরও বেশি অসুস্থ হয়ে পড়লে তাকে মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। ভুক্তভোগীর কিশোরীর অভিযোগ, শওকত তস্তার জোর করে আমাকে তুলে নিয়ে যায়। এরপর হাত-পা বেঁধে ধর্ষণ করে। পরে আমি অসুস্থ হয়ে পড়লে সে পালিয়ে যায়। আমি ওর ফাঁসি চাই। কিশোরীর দাদি বলেন, আমার নাতনীর যে সর্বনাশ করেছে তার উপযুক্ত বিচার চাই। শওকতের বিচার না হলে এমন অপরাধ চলতেই থাকবে। আমার নাতনির সঙ্গে যা ঘটলো তা যেন আর কোনো মেয়ের সঙ্গে না ঘটে। মাদারীপুরের সিভিল সার্জন ডা. মো. মুনীর আহম্মদ খান বলেন, ধর্ষণের শিকার এক কিশোরী হাসপাতালে ভর্তি আছে। নিবিড় পর্যবেক্ষণে তার চিকিৎসা চলছে। মেয়েটির শারীরিক পরীক্ষা শেষ হয়েছে। গাইনি চিকিৎসক তার চিকিৎসা করছেন। মাদারীপুর সদর মডেল থানার ওসি মো. মনোয়ার হোসেন চৌধুরী বলেন, এ ঘটনায় গতকাল শনিবার বিকেলে মামলা হয়েছে। পুলিশ অভিযুক্ত শওকতকে ধরতে অভিযান শুরু করেছে। এ ঘটনায় দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

## বৃক্ষ নিধন বন্ধে ১২ দফা দাবি

বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত বৃক্ষ নিধনের নানা চিত্র তুলে ধরেন। পাশাপাশি বৃক্ষ নিধনের কারণে পরিবেশগত যেসব প্রভাব পড়ছে সেগুলো আলোচনা করেন। ইকবাল হাবিব বলেন, বৃক্ষ নিধনের ফলে প্রতিনিয়ত আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন হচ্ছে, কার্বন শোষণ হ্রাস পেয়েছে, তাপমাত্রা বৃদ্ধি ও হিট আইল্যান্ড ইফেক্ট পড়ছে, বায়ু দূষণ হচ্ছে। স্থপতি ইকবাল হাবিব বৃক্ষ অব্যবস্থাপনার ফলাফল নিয়ে আলোচনা করে সেগুলো রোধে বেশ কয়েকটি প্রস্তাবনা দেন। পাশাপাশি বৃক্ষ নিধন বন্ধে ১২ দফা দাবি জানান।

## ফেনীতে যোগ দিচ্ছেন প্রথম নারী ডিসি

প্রথম নারী জেলা প্রশাসক।
এ বিষয়ে গত বৃহস্পতিবার জারি করা প্রজ্ঞাপনে মুছাম্মৎ শাহীনা আক্তারকে ফেনীর নতুন ডিসি হিসেবে নিয়োগ দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়।
কিশোরগঞ্জের নিকলী উপজেলায় ২০১৮ সালের ৮ নভেম্বর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হিসেবে যোগদান করেন ২৭তম বিসিএস (প্রশাসন) এর কর্মকর্তা শাহীনা আক্তার। তিনি এর আগে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় ইউএনও হিসেবে কর্মরত ছিলেন। শাহীনা আক্তার ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার বাসিন্দা।
অন্যদিকে ফেনীর বিদায়ী ডিসি আবু সেলিম মাহমুদ-উল হাসান স্থানীয় সরকার বিভাগে উপসচিব পদে পদোন্নতি পেয়ে বদলি হচ্ছেন। তিনি ২০২১ সালের জুনে ফেনীতে ডিসি পদে যোগ দিয়েছিলেন। ২৪তম বিসিএস ক্যাডারে নিয়োগ পেয়ে কর্মজীবন শুরু করেন আবু সেলিম। এর আগে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রীর একান্ত সচিব ছিলেন আবু সেলিম।

## এডিসের লার্ভা পাওয়ায় ১৪ লাখ

বিভিন্ন ওয়ার্ডে আকস্মিক পরিদর্শনে যাব। এ ক্ষেত্রে আমি কাউকে বিশ্বাস করি না। যেখানে ইচ্ছে সেখানে যাব এবং ব্যবস্থা নেব। অভিযানে জাপান গার্ডেন সিটির কয়েকটি বহুতল ভবনের বেজমেন্ট সশরীর ঘুরে দেখেন মেয়র আতিক। তিনটি ভবনের বেজমেন্টে গিয়ে প্রতিটিতেই গাড়ি ধোয়ার পর জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা দেখতে পান তিনি। জীবন্ত মশাও সেখানে ওড়াউড়ি করছিল। আতিকুল ইসলাম বলেন, ভবনের ভেতরে জমে থাকা পানি সিটি করপোরেশন পরিষ্কার করবে না। এসব ভবনে আমাদের কর্মীরা ঢুকতে পারে না। শুধু এই এলাকা নয়, ঢাকার অনেক ভবনে আমাদের কর্মীদের ঢুকতে বাধা দেওয়া হয়। অন্যান্য জায়গার চেয়ে বাসাবাড়ির ভেতরে জমে থাকা পানিতে এডিসের লার্ভা বেশি জন্মে। গবেষণায় উঠে এসেছে, বেজমেন্টে যেখানে গাড়ি রাখা হয় ও গাড়ি ধোয়া হয়, সেখানে প্রায় ৪৮ শতাংশ এডিসের লার্ভা জন্মায়। তাই ভবনের ভেতরের পরিবেশ পরিষ্কার রাখার দায়িত্ব ভবন মালিককেই নিতে হবে। তিনি বলেন, জাপান গার্ডেন সিটি একটি অভিজাত এলাকা। এখানে কর্তৃপক্ষ সার্ভিস চার্জ নেন। তারা ইলেকশন করেন। অথচ এখানে মশার চাষ হচ্ছে। এটি অত্যন্ত দুঃখজনক। যে পরিমাণ মশা এখানে আছে, জাপান গার্ডেনের নাম চেঞ্জ করে মসকিউটো বা লার্ভা গার্ডেন রাখা দরকার। এখানে ২৩টি ভবনে কয়েক হাজার মানুষ বাস করে। প্রতিটি ভবনে যে পরিমাণ লার্ভা এতে জাপান গার্ডেন সিটি একটি মৃত্যুকূপে পরিণত হয়েছে। তিনি বলেন, আমি মাঠে আছি, আমার সব কাউন্সিলর মাঠে থাকবে। আমি বিভিন্ন আবাসিক এলাকার নেতৃবৃন্দ, সোসাইটির প্রতিনিধিদের আহ্বান করছি, আপনারা নিজেদের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# ভিসা ছাড়াই দক্ষিণ এশিয়ার দেশগুলোতে চলাচলের প্রস্তাব শ্রীলঙ্কার!

**আন্তর্জাতিক ডেস্ক :** বঙ্গোপসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক সহযোগিতা বিষয়ক জোট বিমসটেকের সদস্য দেশগুলোর মধ্যে যাতায়াতের ক্ষেত্রে ভিসা বা অন্যান্য নিয়মকানুনের জটিলতা কমানোর কথা বললেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহে। তার মতে, বিমসটেকের সদস্যভুক্ত দেশগুলোকে (ভারত, বাংলাদেশ, শ্রীলঙ্কা, মিয়ানমার, থাইল্যান্ড, নেপাল ও ভুটান) একটি পর্যটনক্ষেত্র হিসেবেই বিবেচনা করা উচিত। তাতে পর্যটকদের ঝামেলা কমবে। বিশেষত যারা এশিয়ার অন্যান্য অঞ্চল বা এশিয়ার বাইরে থেকে আসেন, তারা সহজেই বিমসটেকের সদস্যভুক্ত সাতটি দেশে ঘুরতে পারবেন। তাতে সাতটি দেশের পর্যটন শিল্পে নতুন জোয়ার আসবে বলে আশা প্রকাশ করেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট। শুক্রবার কলম্বোয় ভারতের অন্যতম পর্যটন সংক্রান্ত সমিতি 'ট্রাভেল অ্যাজেন্টস অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র ৬৭তম বার্ষিক সম্মেলনে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট এ বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, 'আগামী ১০ বছরে মানুষের মাথাপিছু আয় বৃদ্ধি পাবে। তাই মানুষ বিভিন্ন জায়গায় ঘুরতে যাবেন। সেই পরিস্থিতিতে কেন আমাদের পুরো বিমসটেক অঞ্চলকে সীমান্তহীন পর্যটন এলাকা হিসেবে গড়ে তোলা হবে না। সেটাই তো সকলে চায় (কোনোরকম ঝামেলা ছাড়াই সীমান্ত পেরিয়ে যেতে)।' তিনি আরো বলেন, 'শ্রীলঙ্কার মানুষ ভারতে যাচ্ছেন। ভারতীয়রা যাচ্ছেন বাংলাদেশে। কিন্তু বাইরে থেকে যারা আসছেন, তাদের কাছে এটি একটিই পর্যটনের জায়গা।' শ্রীলঙ্কার প্রেসিডেন্ট আরো বলেন, 'আগামী ১০ বছরে আমাদের একটি নতুন শিল্প গড়ে উঠবে। তাই আমাদের যোগাযোগ ব্যবস্থা উন্নত করে তুলতে হবে। আমার মতে, বিমস্টেককে একটি বৃহত্তর পর্যটন ক্ষেত্র হিসেবে গড়ে তোলা উচিত। আমরা কেন বিমসটেককে উন্মুক্ত করে দিচ্ছি না? কেন সবার জন্য খুলে দিচ্ছি না? কেন ক্রুজের জন্য আমরা বঙ্গোপসাগরকে ব্যবহার করছি না?' তবে সেটা কিভাবে হবে, তা বিস্তারিতভাবে তুলে ধরেননি শ্রীলঙ্কার প্রেসিডেন্ট। সংশ্লিষ্ট মহলের মতে, শ্রীলঙ্কার প্রেসিডেন্ট যে মডেলের কথা বলতে চেয়েছেন, যে মডেলের মাধ্যমে এশিয়ার অন্যান্য অঞ্চল বা এশিয়ার বাইরে থেকে যারা আসছেন, তারা একটি ভিসায় ওই সাতটি দেশে ঘুরতে পারবেন। যা ইউরোপিয়ান ইউনিয়নের সদস্যভুক্ত দেশগুলোতে হয়। ভারত থেকে যদি কোনো ব্যক্তি ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত কোনো দেশে যান, তাহলে একটি ভিসায় তিনি ওইসব দেশে ঘুরতে পারবেন। কিন্তু যারা ওই সাতটি দেশে বাস করেন, তারাও একটি সাধারণ ভিসায় বাকি ছয়টি দেশে ঘুরতে পারবেন? সেই বিষয়টিও শ্রীলঙ্কার প্রেসিডেন্ট স্পষ্টভাবে জানাননি। সংশ্লিষ্ট মহলের মতে, সেক্ষেত্রে হয়তো কোনো ভিসা লাগবে না। শুধু পাসপোর্ট থাকলেই হবে। এখন যেমন ভারত থেকে নেপাল বা ভুটান যাওয়ার ক্ষেত্রে ভিসা লাগে না। চেকিংয়ের পর সীমান্ত পার হওয়ার অনুমতি পাওয়া যায়। শ্রীলঙ্কার প্রস্তাবিত মডেল যদি কার্যকর হয়, তাহলে বিমসটেকের অন্যান্য দেশের ক্ষেত্রেও সেই বিষয়টি চালু করা হতে পারে। তবে কেন সেই মডেল কার্যকর করার উপর জোর দিচ্ছেন অর্থমন্ত্রীরও দায়িত্বে থাকা শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল? কারণটি অবশ্য তিনি নিজেই কিছুটা স্পষ্ট করে দিয়েছেন। তিনি বলেন, 'আমরা পর্যটনকে নতুন রূপ দেয়ার চেষ্টা করছি এবং পর্যটনের ক্ষেত্রে যে সম্ভাবনা আছে, তার সদ্ব্যবহার করার চেষ্টা করছি। আমরা শ্রীলঙ্কায় ঋণখেলাপির মুখে পড়েছিলাম। সেই পরিস্থিতির মধ্যে থেকে আমরা বেরিয়ে আসছি। ঋণের বিভিন্ন শর্ত লাঘবের প্রক্রিয়া চলছে। তবে এটা মাথায় রাখতে হবে, যেভাবে বাণিজ্য চলছে, সেটা এখনো আমাদের পক্ষে নেই। তাই আগামী দিনে যাতে বাণিজ্যের ইতিবাচক ভারসাম্য (আমদানি ও রপ্তানির মধ্যে ভারসাম্য) বজায় রাখা যায়, সেই চেষ্টা করতে হবে।' সূত্র : হিন্দুস্তান টাইমস




# মুক্তি পেল চলচ্চিত্র '৭২ হুঁরে'

**বিনোদন ডেস্ক :** বিতর্কের মাঝেই মুক্তি পেল আলোচিত চলচ্চিত্র '৭২ হুঁরে'। এ বছর মুক্তিপ্রাপ্ত বিতর্কিত চলচ্চিত্র 'দ্য কেরালা স্টোরি'র পর '৭২ হুঁরে' এখন তুমুল আলোচনায়। সিনেমাটির ফার্স্ট লুক প্রকাশের পর থেকেই তুমুল সমালোচনায় পড়ে এটি। অবশেষে ট্রেলার মুক্তি না দিয়েই ৭ জুলাই প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে এটি। এদিকে মুক্তির পর দর্শকদের কাছ থেকে মিশ্র প্রতিক্রিয়া পেয়েছে সিনেমাটি। কেউ করছেন সমালোচনা, কেউ বা করছেন প্রশংসা। প্রথম দিনে বক্স অফিসেও তেমন সুবিধা করতে পারেনি সিনেমাটি। বক্স অফিস সূত্র অনুসারে, প্রথম দিন ভারতে প্রায় ৩৫ লক্ষ আয় করেছে এটি। এটির সামগ্রিক দখল ছিল ৮.৯৮ শতাংশ। তবে বক্স অফিসের প্রকৃত পরিসংখ্যান এখনো আসেনি। ধারনা করা হচ্ছে, সিনেমাটির আয় প্রথম দিনে ১ কোটির ঘরে যেতে পারবে না। এর আগে সিনেমাটির ট্রেলার প্রকাশে বাঁধা দেয় সেন্সর বোর্ড। সেন্সর বোর্ডে আটকে যায় সিনেমাটির ট্রেলার। পরিচালক সঞ্জয়পূরণ সিংহ চৌহানের সিনেমাটির প্রথম ঝলক প্রকাশ্যে আসার পর থেকেই শুরু হয় বিতর্ক। এরপর সিনেমাটির ট্রেলারকে ছাড়পত্র দেওয়া নিয়ে সেন্সর বোর্ড ও সিনেমার নির্মাতাদের মধ্যে শুরু হয় দ্বন্দ্ব। সেন্সর বোর্ডের ছাড়পত্র না মেলা সত্ত্বেও ইউটিউবে দেখা গেছে '৭২ হুরেঁ'র ট্রেলার। তবে সেন্সর বোর্ড ছাড়পত্র না দেওয়ায় কোনো প্রেক্ষাগৃহে সেই ট্রেলার দেখানো হয়নি। এ বিষয়ে সিনেমাটির প্রযোজক অশোক পণ্ডিত প্রতিবাদ জানিয়ে বলেছিলেন, সেন্সর বোর্ড '৭২ হুরেঁ' সিনেমাটিকে ছাড়পত্র দিলেও ট্রেলারকে ছাড়পত্র দিতে নারাজ। বোর্ডের এই সিদ্ধান্তকেই প্রশ্ন করেছেন তিনি। প্রযোজকের মতে, '৭২ হুরেঁ'র মতো সিনেমার উপর যে কোনো প্রকার নিষেধাজ্ঞা জারি করার অর্থ শিল্পীদের স্বাধীনভাবে মতপ্রকাশের অধিকারে বাঁধা দেওয়া। বিতর্কিত '৭২ হুঁরে' পরিচালনা করেছেন সঞ্জয় সিং চৌহান। অভিনয় করেছেন পবন মালহোত্রা, আমির বশির, রশিদ নাজ সহ প্রমুখ। সূত্র : ইন্ডিয়া টুডে

# সামনের দিনগুলো আমার হবে : অ্যাম্বার হার্ড

**বিনোদন ডেস্ক :** প্রাক্তন স্বামী জনি ডেপের সঙ্গে মামলায় হারার পরই যুক্তরাষ্ট্র ছেড়ে স্পেনে পাড়ি জমান অভিনেত্রী অ্যাম্বার হার্ড। মেয়েকে নিয়ে সেখানেই স্বায়ী আভাস গড়েন তিনি। এতে অনেকেই ধারণা করেছিলেন হলিউডকে বিদায় জানাবেন এই অভিনেত্রী। তবে সকল জল্পনা-কল্পনাকে পেছনে ফেলে কিছুদিন আগেই তিনি হলিউড সিনেমায় নতুন মোড়কে ফেরার ঘোষণা দেন। জানা গিয়েছিল, একাধিক সিনেমা নিয়ে ফিরছেন তিনি। সেই তালিকায় রয়েছে 'ইন দ্য ফায়ার' সিনেমাটি। ইতোমধ্যে সিনেমাটি ঘিরে হলিউড প্রেমীদের মাঝে বেশ কৌতুহলও তৈরি হয়েছে। শুধু তাই নয়, নিজের কামব্যাক করা সিনেমাটি নিয়ে দারুণ আশাবাদী এই অভিনেত্রী। হার্ড বলেন, মামলায় হেরে যাওয়ার পর থেকে মানসিক অবসাদে ভুগছিলাম। তবে ধীরে ধীরে তা কাটিয়ে উঠছি এবং নতুন করে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছি। আমার বিশ্বাস, ইন দ্য ফায়ার এতে সহায়ক ভূমিকা পালন করবে।' এদিকে সিনেমাটি ঘিরে দর্শক আগ্রহ তুঙ্গে থাকলেও নিজের চরিত্র এবং গল্প নিয়ে তেমন কিছুই জানাননি অ্যাম্বার। তবে এবার কিছুটা খোলাসা করলেন তিনি। সেখানেই নিজের নতুন সিনেমা নিয়ে কথা বলেন হার্ড। অনুষ্ঠানে গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, সিনেমাটিতে অতিপ্রাকৃত গল্পের প্রভাবের পাশাপাশি প্রেমের বিষয়গুলো উঠে আসবে। তবে এখনই সিনেমাটির পুরো গল্প এবং চরিত্র নিয়ে কথা বলতে চাই না। এটুকু বলবো, এটি একটি রোমান্টিক সিনেমা।' শুধুই এই সিনেমাটিই নয়, বর্তমানে অ্যাম্বারের হাতে রয়েছে সুপারহিরো সিনেমা অ্যাকুয়াম্যানের সিক্যুয়েল এবং লস্ট কিংডম সিনেমা দুটির কাজ। অ্যাম্বার বলেন, 'চলতি বছর একাধিক সিনেমা মুক্তি পাবে। প্রতিটি সিনেমাতেই দারুণ সব গল্প চরিত্র থাকছে। মনে হচ্ছে, সামনের দিনগুলো আমার হবে।'

# বাথরুমে কোরিয়ান গায়িকার মরদেহ

**বিনোদন ডেস্ক :** কথা ছিল ক্যারিয়ারের ৩৩তম কনসার্টে অংশ নেওয়ার, কিন্তু মঞ্চে ওঠার মাত্র কয়েক মিনিট আগেই বাথরুম থেকে উদ্ধার হলো জনপ্রিয় কোরিয়ান গায়িকা লি সাং ইউনের মরদেহ! গিমচেওন মিউনিসিপ্যাল কোয়্যারে পারফর্ম করার কথা ছিল লি সাং ইউনের। তিনি মঞ্চ মাতাবেন, যারই অপেক্ষায় ছিলেন দর্শক ও শ্রোতারা। কিন্তু তার কয়েক মিনিট আগ পর্যন্ত ব্যাকস্টেজে দেখা মেলেনি এই গায়িকার। তখনই লি সাং ইউনকে খুঁজতে শুরু করেন তার দলের সদস্য এবং ওই কনসার্টের আয়োজকরা। এ সময় বাথরুমে খুঁজতে গিয়ে দেখা যায়, মেঝেতে পড়ে রয়েছে লি সাং ইউনের মরদেহ। গায়িকাকে সেখান থেকে উদ্ধার করে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। পরে লি সাং ইউনের মৃত্যুর খবর জানানো হয় পুলিশের তরফে। যদিও কীভাবে গায়িকার মৃত্যু হলো তা এখন পর্যন্ত নিশ্চিত হওয়া যায়নি, তবে ইতোমধ্যেই সেই রহস্য উদঘাটন করতে তদন্ত শুরু করেছে পুলিশ। সূত্রঃ আনন্দবাজার



# ক্রিকেট খেলার সময় ভূমিধস ৮ শিশুর মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের উত্তরাঞ্চলে বৃষ্টির পর ক্রিকেট খেলার সময় ভূমিধসে আট শিশুর মৃত্যু হয়েছে। প্রত্যন্ত শাংলা জেলায় গত বৃহস্পতিবার সন্ধ্যায় এ ঘটনা ঘটে। নিহত শিশুদের বয়স ১২ থেকে ১৫ বছরের মধ্যে। শুক্রবার কর্মকর্তারা এসব নিশ্চিত করেছেন। জেলা জরুরি ইউনিট অফিসার সানাউল্লাহ খান বলেন, 'প্রায় ১৫ জন একটি বালির ঢিবির কাছে ক্রিকেট পিচ বানিয়েছিল। বৃষ্টির পর এটি ধসে পড়লে শিশুরা সেখানে চাপা পড়ে।' তিনি বলেন, 'স্থানীয় উদ্ধারকারী দলের সঙ্গে অভিযানে যোগ দেয় পাকিস্তান সেনাবাহিনী। কয়েক ঘণ্টার চেষ্টার পর আটটি মৃতদেহ বের করে তারা। বাকি শিশুদের মধ্যে একজন গুরুতর আহত। বাকিরা অক্ষত ছিল।' বিলাল খান নামে আরেক কর্মকর্তা বলেন, 'উদ্ধারকারী দল আসার আগে গ্রামবাসীরা প্রথমে ঘটনাস্থলে ছুটে শিশুদের উদ্ধারের চেষ্টা করেছিলেন।' গত মাস থেকে পাকিস্তানে প্রবল বৃষ্টিপাতের ফলে সৃষ্ট বন্যা ও ভূমিধসে আট শিশুসহ অন্তত ৫০ জন নিহত হয়েছে। প্রতি বছর দক্ষিণ এশিয়ার বার্ষিক বৃষ্টিপাতের ৭০ থেকে ৮০ শতাংশ হয়ে থাকে জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে। এই বৃষ্টি লাখ লাখ কৃষকের জীবিকা এবং খাদ্য নিরাপত্তার জন্য অত্যাবশ্যক। তবে মাত্রাতিরিক্ত বৃষ্টিপাত ভূমিধস এবং বন্যাও নিয়ে আসে। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা এক কর্মকর্তা বলেন, '২৫ জুন বর্ষা শুরু হওয়ার পর থেকে গোটা পাকিস্তানে বৃষ্টি সংক্রান্ত বিভিন্ন ঘটনায় ৫০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

# মৃত তিমির পেটে ৬ কোটি টাকার সম্পদ উদ্ধার

**আন্তর্জাতিক ডেস্ক :** স্পেনের ক্যানারি দ্বীপের সমুদ্র সৈকতে ভেসে আসা বিরল প্রজাতির একটি তিমি। সেই তিমি মরদেহ থেকে উদ্ধার করা হয়েছে প্রায় ৬ কোটি টাকার সম্পদ। এই বহুমূল্যবান সম্পদের কারণেই মূলত প্রাণ হারিয়েছে তিমিটি। দ্যা গার্ডিয়ান জানিয়েছে, আফ্রিকার উত্তর-পশ্চিমের ক্যানারি দ্বীপের লা পালমায় নগালেস সৈকত ভেসে আসে একটি বিরল প্রজাতির স্পার্ম হোয়েল। যার পাকস্থলী থেকে উদ্ধার হয়েছে প্রায় ৫ লাখ ইউরো বা ৫ কোটি ৯০ লাখ টাকার সম্পদ। পৃথিবীতে যত তিমি রয়েছে স্পার্ম হোয়েলের সংখ্যা তার মাত্র এক শতাংশ। বিরল এই তিমিটিকে সৈকতেই প্রাথমিক পরীক্ষা করে হজমজনিত সমস্যার কিছু প্রমাণ পান চিকিৎসকরা। এরপর তিমিটির পাকস্থলী পরীক্ষা করে দেখা যায় সেখানে রয়েছে প্রায় সাড়ে ৯ কেজি ওজনের একটি মহামূল্যবান পাথর। চিকিৎসকরা জানিয়েছেন, পাথরটি মূলত তিমিটির বমি। তিমিটির বমি এতটাই বিরল এবং দামি যে, একে সমুদ্রে ভাসমান সোনা বলা হয়। সুগন্ধি তৈরি করা থেকে শুরু আরও নানা শিল্পে ব্যবহার করা হয় তিমির বমি বা অ্যাম্বারগিস।

# ইউক্রেনকে ন্যাটোতে চায় তুরস্ক

**আন্তর্জাতিক ডেস্ক :** তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান বলেছেন, ন্যাটোতে ইউক্রেনের যোগদানের দাবিকে সমর্থন করে আঙ্কারা। ইউক্রেন যুদ্ধের অবসান করতে শান্তি প্রচেষ্টায় ফিরে যাওয়ারও আহ্বান জানান তিনি। ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে আকস্মিক হামলা চালায় রাশিয়া। ৫০০ দিনের বেশি সময় ধরে ইউক্রেনে সংঘাত চলছে। যুদ্ধ থামার কোনো লক্ষণও দেখা যাচ্ছে না। এই সংঘাতে এখন পর্যন্ত ৯ হাজারের বেশি বেসামরিক নাগরিকের মৃত্যু হয়েছে। এর মধ্যে ৫০০ জনই শিশু। রাশিয়ার হামলায় বেসামরিক হতাহতের ঘটনার নিন্দা জানিয়েছে জাতিসংঘ। ইউক্রেনের প্রতি সমর্থন জানিয়ে এরদোয়ান বলেন, ইউক্রেন ন্যাটোর সদস্যপদ পাওয়ার যোগ্যতা রাখে। ইস্তাম্বুলে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির পাশে দাঁড়িয়ে এক যৌথ সংবাদ সম্মেলনে এরদোয়ান বলেন, দুপক্ষেরই শান্তি আলোচনায় ফিরে যাওয়া উচিত। তিনি বলেন, শান্তি প্রচেষ্টায় কোনো পরাজয় থাকে না। জেলেনস্কি তার প্রতি সমর্থন জানানোয় এরদোয়ানকে ধন্যবাদ জানিয়েছেন। মঙ্গলবার লিথুয়ানিয়ার ভিলি-নয়াস শহরে ন্যাটোর শীর্ষ সম্মেলন শুরু হতে যাচ্ছে। এরদোয়ানের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনার পর এক টুইট বার্তায় ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি বলেন, ইউক্রেনের আঞ্চলিক অখণ্ডতা এবং সার্বভৌমত্বের প্রতি সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ। দেশ, জনগণ এবং স্বার্থ রক্ষার বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন তিনি। এদিকে শুক্রবার ইউক্রেনে জাতিসংঘের মানবাধিকার পর্যবেক্ষণ মিশন (এইচআরএমএমইউ) এক বিবৃতিতে জানিয়েছে, ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন শুরুর পর থেকে এখন পর্যন্ত ৫০০ শিশুসহ ৯ হাজারের বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছে।



# রোগী ও বয়স্কদের সেবা দেবে রোবট

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্বজুড়ে দিন দিন স্বাস্থ্য খাতে সেবাদানকারীদের ঘাটতি বাড়ছে। অনেক দেশেই বাসায় রোগী ও বৃদ্ধদের সেবা দিতে প্রশিক্ষিত লোকজন পাওয়া যাচ্ছে না। এ পরিস্থিতি সামাল দিতে এবার নতুন ধরনের রোবট এনেছেন নির্মাতারা। বলা হচ্ছে, কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন এই রোবট ভবিষ্যতে রোগী ও বয়স্কদের সেবায় ভূমিকা রাখবে। এমনই একটি রোবটের নাম দেওয়া হয়েছে "নাডিন"। বাদামি চোখ ও লালচে চুলের রোবটটি দেখতে হুবহু মানুষের মতো।রোবটটি নির্মাণ দলে ছিলেন সুইজারল্যান্ডের ইউনিভার্সিটি অব জেনেভার রোবট-বিশেষজ্ঞ নাদিয়া ম্যাগনেনাট থালমান। তিনি জানান, রোগী এবং বযস্কদের সেবা দিতে মানুষের চেয়ে বেশি সক্ষম নাডিনের মতো রোবট। নাডিন দিনে ২৪ ঘণ্টা কাজ করতে পারে। অন্যান্যের এতটা সময় নেই। সম্প্রতি নাদিয়া ম্যাগনেনাট যোগ দিয়েছিলেন সুইজারল্যান্ডের জেনেভা শহরে ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের একটি সম্মেলনে।

# ইউক্রেনকে গুচ্ছবোমা দেবে যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** মার্কিন যুক্তরাষ্ট্র ঘোষণা করেছে, ইউক্রেনীয় বাহিনীকে 'ক্লাস্টার বোমা' বা গুচ্ছবোমা সরবরাহ করবে তারা। তবে মানবাধিকারগোষ্ঠীগুলো নিন্দা জানিয়ে বলেছে, এই ধরনের অস্ত্রের ব্যবহার বেসামরিক নাগরিকদের জন্য বিপদের কারণ হতে পারে। ১২০টিরও বেশি দেশ এই বোমার ব্যবহার নিষিদ্ধ করার জন্য ২০০৮ ইউএন কনভেনশন অন ক্লাস্টার মিনিশনে স্বাক্ষর করেছে। গুচ্ছবোমাগুলো বিস্তীর্ণ অঞ্চলজুড়ে প্রচুর পরিমাণে বোমা ফেলে দেয় এবং বিস্ফোরকগুলো উভয় ক্ষেত্রেই বেসামরিক নাগরিকদের জন্য একটি বড় হুমকি। কারণ কিছু বোমা অবিস্ফোরিত অবস্থায় থেকে যায়। হোয়াইট হাউস বলছে, অবিস্ফোরিত বোমা থেকে সৃষ্ট বেসামরিক ক্ষয়ক্ষতির ঝুঁকির কারণে যত দিন সম্ভব তারা সিদ্ধান্তটি স্থগিত রেখেছিল। অস্ত্র ও গোলাবারুদের ঘাটতি থাকায় ইউক্রেন গত কয়েক মাস ধরেই সাহায্য চেয়ে আসছে। বিশ্বের শতাধিক দেশ এই গুচ্ছবোমার ব্যবহার নিষিদ্ধ করেছে। এটি এমন এক ধরনের যুদ্ধাস্ত্র, যাতে একাধিক বোমা থাকে, যা সাবমিউনিশন নামে পরিচিত। হোয়াইট হাউসের নিয়মিত ব্রিফিংয়ে শুক্রবার যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা পরামর্শক জ্যাক সুলিভান বলেন, বেসামরিক



নাগরিকদের যেকোনো সম্ভাব্য ক্ষয়ক্ষতি প্রশমিত করার জন্য ইউক্রেন যুদ্ধোত্তর নিরস্ত্রীকরণ প্রচেষ্টার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে এবং মার্কিন যুক্তরাষ্ট্র এই অস্ত্র সরবরাহ করুক বা না করুক, নির্বিশেষে এটি প্রয়োজনীয় হবে, কারণ রাশিয়া গুচ্ছ অস্ত্রের ব্যাপক ব্যবহার করছে। তিনি বলেন, ইউক্রেন বিদেশি ভূমিতে এই যুদ্ধাস্ত্র ব্যবহার করবে না। এটা তাদের দেশ, যা তারা রক্ষা করছে। সুলিভান ব্যাখ্যা করেন, ইউক্রেনের গোলা-বারুদ ফুরিয়ে যাচ্ছে এবং তাদের একটি সরবরাহ সেতু প্রয়োজন, যেখানে যুক্তরাষ্ট্র দেশীয় উৎপাদন বাড়িয়েছে। তিনি বলেন, এই সংঘাতের সময় আমরা ইউক্রেনকে কোনোভাবেই অরক্ষিত রাখব না মার্কিন কর্মকর্তারা ইউক্রেনে গুচ্ছ যুদ্ধাস্ত্র সরবরাহে দ্বিধায় রয়েছে, কারণ এসব অস্ত্র বিস্তৃত অঞ্চলে নির্বিচারে হত্যাযজ্ঞ চালাতে পারে এবং বেসামরিক নাগরিকদের জন্য হুমকি। মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে এই গুচ্ছবোমার মজুদ রয়েছে, যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রথম তৈরি করা হয়েছিল। গুচ্ছবোমা বিতর্কিত। কারণ, এগুলো মাটিতে পড়ে প্রায় সময়ই বিস্ফোরণ ঘটে না। আর বিস্ফোরণ না হলেও বহুদিন পর্যন্ত সক্রিয় থাকে এবং পরে ফাটার ঝুঁকি থেকে যায়। সুলিভান সাংবাদিকদের বলেন, যুক্তরাষ্ট্রের গুচ্ছ যুদ্ধাস্ত্রের ব্যর্থতার হার আড়াই শতাংশের কম।

# ব্রাজিলে অ্যাপার্টমেন্ট ভবন ধসে নিহত ৮

**আন্তর্জাতিক ডেস্ক :** ব্রাজিলের উত্তরপূর্বাঞ্চলে একটি অ্যাপার্টমেন্ট ভবন ধসে পড়ার ঘটনায় অন্তত ৮ জনের মৃত্যু হয়েছে এবং পাঁচজন নিখোঁজ রয়েছেন। স্থানীয় কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। জীবিতদের খোঁজে ধ্বংসস্তূপের নিচে তল্লাশি তৎপরতা চালাচ্ছেন উদ্ধারকর্মীরা। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য নিশ্চিত করা হয়। স্থানীয় সময় গত শুক্রবার ভোরে ওই ভবনটি ধসে পড়ে। ওই দুর্ঘটনায় নিহতদের মধ্যে পাঁচ ও ৮ বছর বয়সী দুই শিশুও রয়েছে বলে কর্মকর্তারা নিশ্চিত করেছেন। গত শুক্রবার রাত সাড়ে ৯টা পর্যন্ত চারজনকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়েছে বলে দমকল বাহিনীর কর্মকর্তারা নিশ্চিত করেছেন। ব্রাজিলের উত্তরপূর্বাঞ্চলীয় পেরনামবুকো রাজ্যের রাজধানী রেসিফে ওই দুর্ঘটনা ঘটে। ড্রোনে ধারণ করা বেশ কিছু ফুটেজে দেখা গেছে, চারতলা একটি অ্যাপার্টমেন্ট ভবন ভেঙে পড়ার পর দমকল বাহিনী এবং উদ্ধারকর্মীরা ঘটনাস্থলে ছুটে গেছেন।

## বিনোদন




# আবারও অভিনয়ে ফিরছেন কাজী মারুফ

**বিনোদন প্রতিবেদক :** ঢাকাই সিনেমার এক সময়ের জনপ্রিয় চিত্রনায়ক কাজী মারুফ। ঢাকাই সিনেমার প্রখ্যাত নির্মাতা কাজী হায়াতের ছেলে তিনি। বাবার হাত ধরে 'ইতিহাস' সিনেমার মাধ্যমে ঢাকাই চলচ্চিত্রে অভিষেক ঘটে কাজী মারুফের। প্রথম সিনেমাতেই বাজিমাত করেন তিনি। সিনেমাটি ব্যবসা সফল হয়, সেরা অভিনেতা হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কারও লাভ করেন মারুফ। এক অজানা কারণে বাংলাদেশ ছেড়ে স্থায়ীভাবে বসবাস করছেন সুদূর আমেরিকায়। সেখানে ব্যবসা করেন। এর মধ্যেও সিনেমা বানিয়েছেন মারুফ। আবারও অভিনয়ে ফিরছেন তিনি। বিষয়টি নিশ্চিত করেন নির্মাতা কাজী হায়াৎ। তিনি বলেন, এ মাসেই বাংলাদেশে আসছে কাজী মারুফ। আমাদের নতুন কয়েকটা কাজের কথা হয়েছে। সেই বিষয়ে কথা বলতে বাংলাদেশে আসছে সে। আশা করছি, আগামী সেপ্টেম্বর মাস থেকে শুটিং শুরু করবো। এখনই সিনেমার বিষয় নিয়ে কথা বলতে চাচ্ছি না। ২০০২ সালে বাবা কাজী হায়াৎ পরিচালিত 'ইতিহাস' সিনেমার মাধ্যমে ঢালিউডে অভিষেক কাজী মারুফের। এরপর প্রায় ৩৭টি সিনেমায় অভিনয় করেছেন তিনি। ২০১৪ সালে কাজী হায়াৎ পরিচালিত 'সর্বনাশা ইয়াবা' সিনেমাটিও ব্যবসা সফল হয়। তার অভিনীত সিনেমার মধ্যে রয়েছে 'অন্ধকার', 'অন্য মানুষ', 'ক্যাপ্টেন মারুফ', 'শ্রমিক নেতা',' গরিবের ছেলে বড়লোকের মেয়ে', 'আইন বড় না সন্তান বড়', 'রাস্তার ছেলে', 'পাঁচ টাকার প্রেম', 'অশান্ত মন', 'আমার স্বপ্ন', 'মা আমার জান', 'আমার মা আমার অহংকার', 'মায়ের জন্য মরতে পারি', 'বড়লোকের দশ দিন গরিবের একদিন', 'বস্তির ছেলে কোটিপতি', 'ওরা আমাকে ভালো হতে দিল না'।

# টিজারে ফিরলেন মার্লে

**বিনোদন ডেস্ক :** প্রকাশ পেয়েছে বব মার্লের বায়োপিকের টিজার ট্রেলার। প্রায় তিন মিনিটের টিজারটি মুগ্ধ করেছে বব মার্লের ভক্তদের। যেন মার্লে ফিরে এসেছেন ভক্তদের মাঝে! বব মার্লের বায়োপিকের নাম 'বব মার্লে: ওয়ান লাভ'। নির্মাণ করেছেন 'কিং রিচার্ড' নির্মাতা রেইনাল্ডো মারকাস গ্রিন। বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে সিনেমাটির টিজার। সামাজিক মাধ্যমে সাড়া ফেলে দিয়েছে টিজারটি। বায়োপিকে মার্লের জীবন এবং সংগ্রাম ফুটিয়ে তোলা হবে। শুধু তাই নয়, ১৯৭৬ সালে মার্লেকে হত্যা চেষ্টার ঘটনাও তুলে ধরা হবে ছবিতে। ১৯৭৬ সালে তাকে গুলি করে হত্যা করার চেষ্টা করা হয়। গুলি এসে বব মার্লের বুকে ও হাতে লাগে। তিনি বেঁচে গেলেও মাথায় গুলি লেগে মৃত্যু হয় তার স্ত্রী রিটার। টিজারের শুরুটা হয় কনসার্ট দিয়ে। পেছন থেকে মার্লেকে দেখা যায় মঞ্চে উঠতে। অপেক্ষায় হাজারও দর্শক। জ্যামাইকায় গান শুরু করে তিনি কীভাবে গ্লোবাল সেনসেশন হয়ে উঠেছেন সেই যাত্রার ঝলক দেখা গেছে টিজারে। বব মার্লের বায়োপিক নিয়ে ভক্তদের প্রত্যাশার পারদ তুঙ্গে। ছবিতে গানের আধিক্য থাকবে তা সবার জানা। সেজন্যই ছবিটিকে ঘিরে দর্শকের আগ্রহের কমতি নেই।



# অবমুক্ত লিমন আহমেদের 'বড় মেয়ে'

**বিনোদন প্রতিবেদক:** সম্প্রতি নিজের লুক নিয়ে নতুনভাবেই যেন আলোচ্য রুনা খান। তাই এই নতুন রুনা খানের কোন কাজটি আসছে তা নিয়েও কৌতূহল অনেক। গেল ঈদে কিংবদন্তী নির্মাতা ঋত্বিক ঘটকের 'মেঘে ঢাকা তারা' সিনেমার প্রেরণায় নির্মিত হয়েছে বড় মেয়ে নাটকটি। এতে নাম ভূমিকায় ছিলেন রুনা খান। পিকক এন্টারটেইনমেন্টের ব্যানারে লিমন আহমেদের রচনায় নাটকটি নির্মাণ করেছেন শাহাজাদা ইসলাম শায়খ। নাটকটির প্লট-গল্প ও অভিনয় নেটিজেনদের মাঝে প্রশংসিত হয়েছে। বিশেষ করে ইউটিউব ভিত্তিক একাধিক নাটকে অশ্লীলতার চূড়ান্তকরণের এই সময়ে এমন ক্ল্যাসিক একটি প্লট নিয়ে তৈরি কাজ প্রশংসিত হয়েছে বিভিন্ন মহলে। নাটকটিতে অভিনয় প্রসঙ্গে রুনা খান বলেন, দারুণ একটি গল্পে কাজ করছি। সংসারের জন্য বড় সন্তান বিশেষ করে বড় মেয়েদের যে স্যাক্রিফাইস, মমতা সেই চিত্র এ নাটকে ফুটে উঠেছে। পাশাপাশি উঠে এসেছে সব ত্যাগ করে সংসার আগলে রাখা বড় মেয়ের সঙ্গে পরিবারের সদস্যদের নির্মম ব্যবহার ও অনুশোচনার গল্প। কিছু কাজের ক্ষেত্রে মাধ্যম বা কোন ধারার কাজ সেটি বিবেচ্য হয়ে ওঠে না। বিবেচ্য হয় গল্পটা। এই কাজটি তেমন। নাট্যকার লিমন আহমেদ বলেন, বহু বছর আগে ঋত্বিক ঘটক মেঘে ঢাকা তারা নির্মাণ করেছিলেন।


সে সিনেমায় সংসারের প্রতি নীতু চরিত্রের যে মমতা, ত্যাগ তা আজও নানা সংসারে চলমান। আবার নীতুর মতো অনেকেই পারিবারিক অকৃতজ্ঞতার শিকার হচ্ছে। এই অকৃতজ্ঞতার দেয়াল ভেঙে আমরা যেন পরিবারের দায়িত্বশীল মানুষটির প্রতি যত্নবান হই তারই বার্তা দেওয়ার চেষ্টা করেছি বড় মেয়ে নাটকটিতে। পিকক এন্টারটেইনমেন্টের ব্যানারে ৭ জুলাই নাটকটি অবমুক্ত হয়। এ নাটকে রুনা খানের বিপরীতে অভিনয় করেছেন শাহরিয়ার নাজিম জয়। আরও আছেন নাদের চৌধুরী, সাইফুদ্দিন সিয়াম, জারা জয়া, মিথুন আহমেদ, সাজন প্রমুখ।



# 'আপন শক্তিতে বারবার জ্বলে উঠবে অপু বিশ্বাস'

**বিনোদন ডেস্ক :** ঈদে বড় পর্দায় মুক্তি পেয়েছে অপু বিশ্বাস প্রযোজিত প্রথম ছবি 'লাল শাড়ি'। সরকারি অনুদানে নির্মিত ছবিটির প্রচার প্রচারণা নিয়ে মুখর ছিলেন প্রযোজক অপু বিশ্বাস! শুক্রবার সহশিল্পী ও সাংবাদিকদের নিয়ে রাজধানীর যমুনা ব্লকবাস্টার সিনেমাসে 'লাল শাড়ি' দেখেন এই নায়িকা ও প্রযোজক। তার ডাকে সাড়া দিয়ে সবাই ছবিটি দেখতে আসায় কৃতজ্ঞতা জানাতেও ভুলেননি অপু। পরবর্তীতে এক স্ট্যাটাসেও সবার প্রতি ধন্যবাদ জানান 'প্রিয় কমলা'র এই নায়িকা। অপু বলেন,'আমার আমন্ত্রণে প্রিয় চলচ্চিত্র নির্মাতা, আমার আপনজন অভিনয়শিল্পী-কলাকুশলী ও সাংবাদিকবৃন্দ যেভাবে সাড়া দিয়ে ছুটে এসেছেন সত্যিই আপনাদের প্রতি আমার কৃতজ্ঞতাবোধ শেষ হবার নয়! আমি জানি বারবার অপু বিশ্বাস জ্বলে উঠবে আপন শক্তিতে, তবে সেই শক্তি যে আপনারা!' তিনি বলেন, 'আমি তো আপনাদেরই ভালোবাসার অপু বিশ্বাস।

আপনারাই তো আমাকে আলোকিত করেছেন, প্রতিটি পদক্ষেপে আপনাদের কাছে পেয়ে বারবারই জ্বলে উঠছি আঁধার পেরিয়ে আলোর মতোই। এই ভালোবাসায় তো আমার এত কৃতিত্ব, সাফল্য, পুরস্কার! সবচেয়ে বড় পুরস্কার আজও আপনারা আমাকে দিয়ে গেলেন!' অপু আরও বলেন,'অনেক পরিশ্রমের ফলাফল আজকের এই আমি। আর প্রথম প্রযোজিত আমার সিনেমা 'লাল শাড়ি'। এভাবেই তো এগিয়ে যাব অদূর ভবিষ্যতের দিকে, জীবন হবে রঙিন।' যমুনায় 'লাল শাড়ি' দেখে সাংবাদিকদের ছবিটি নিয়ে অপু বলেন, 'খুব ভালো লাগছে। দর্শক অন্যান্যের সিনেমার পাশাপাশি আমাদের সিনেমাটা দেখছে। ভালো রিভিউ দিচ্ছে।' দেশীয় ঐতিহ্য তাঁতশিল্পকে ঘিরে নির্মিত 'লাল শাড়ি' ছবিতে অপু বিশ্বাসের বিপরীতে রয়েছেন সাইমন সাদিক। ছবিটি পরিচালনা করেছেন বন্ধন বিশ্বাস।



# রবীন্দ্রনাথের চরিত্রে কে এই অভিনেতা?

**বিনোদন ডেস্ক :** অনেকেই ভাইরাল সে ছবিটি দেখে প্রথমে আসল রবীন্দ্রনাথের ছবি বলেই ধরে নেয়। কিন্তু সে ছবি রবীন্দ্রনাথের নয় বরং বলিউড এক অভিনেতার। রবীন্দ্রনাথের বেশে এত হুবুহু লুক কোনো বলি অভিনেতার হতে পারে তা ছবি না দেখে কেউ বিশ্বাসই করতে পারবেন না। ভারতীয় সংবাদ মাধ্যম হিন্দুস্তান টাইমসের বরাতে জানা যায়, এই চমক দেখিয়েছেন বর্ষীয়ান অভিনেতা অনুপম খের। নিজের ইনস্টাগ্রামে ভাইরাল সেই রবীন্দ্রনাথের লুকের একটি ভিডিও পোস্ট করেন তিনি। ভিডিও প্লে করার সাথে সাথে ব্যাকগ্রাউন্ডে শোনা যাচ্ছে, কবিগুরু রবীন্দ্রনাথের সখি ভালোবাসা কারে কয়, সে কি কেবলই যাতনা ময় গানের সুর। রবীন্দ্রনাথের লুকে অনুপম খেরকে দেখা যাচ্ছে, কালো রঙের জোব্বা পোশাক পরা। সাথে রবীন্দ্রনাথের ইউনিক সাদা চুল ও দাড়ি। বাহ্যিক বেশের সঙ্গে রবীন্দ্রনাথের চাল চলনও আয়ত্ত্ব করে নিয়েছেন অনুপম।